শ্রীশ্রীরাধাকুণ্ড-রহস্য

N, 433

(মুক্তিমার্গ)

বুধাঃ কর্ণে কুর্ব্বন্তনিশমিদমর্থ্যং মম বচঃ
সুদুষ্প্রাপ্যং যত্তদ্বিমলপদবন্ধৈর্বিরচিতম্ ।
মহাত্মীয়ং গ্রন্থে বিমলমতিভির্বৈষ্ণবকুলৈঃ
সদা সেব্যঞ্চৈতদ্ভবতু চ ন যাচেহমিতরৎ ॥

প্রণেতা—

আয়ুর্ব্বেদ বিশারদ
আচার্য্য শ্রীকুঞ্জগোবিন্দ কৌশিক (H. M. B.)
ভূতপূর্ব্ব প্রিন্সিপল সরস্বতী বিদ্যাপীঠ ।

প্রকাশক—

ধর্ম্মবীর শ্রীচৌথমল গিরদাবর
রিটায়ার্ড কোর্ট অব্ ওয়ার্ডস্ অফিসার, জয়পুর ষ্টেট ।

সন ১৩৫১ সাল ।

আয়ুর্ব্বেদ বিশারদ

আচার্য্য শ্রীকৃষ্ণগোবিন্দ কৌশিক (H. M. B.)

ভূতপূর্ব্ব প্রিন্সিপাল সরস্বতী বিদ্যাপীঠ।

শ্রীশ্রীরাধাকুণ্ড-রহস্য।

প্রথমং সোপানম্।

যৎপাদাম্বুজলগ্নধূলিসুকণাং প্রাপ্তুং সদোৎকণ্ঠিতাঃ।
সংযত্তাশ্চ মুনীশ্বরা হি সুদৃঢ়ং ধ্যানে পরাঃ কাদয়ঃ॥
সোঽপ্যেষ ব্রজনন্দনস্তু সততং যৎপাদসেবোৎসুকঃ,
শ্রীরাধাং বৃষভানুজাং পরমহং তামাশ্রয়ে সর্ব্বদা॥১॥

হে রাধিকে! সুমতিদে! বিদধাতু নিত্যং,
প্রীতিং সদা স্বচরণে মম মন্দবুদ্ধেঃ।
যেন ত্বদীয়মহিমাকরকুণ্ডযুগ্মে,
স্নাত্বা তদীয়মহিমাকথনে ক্ষমঃ স্যাম্॥২॥

যে শ্রীভগবানের চরণকমল-লগ্ন-রজঃকণ প্রাপ্তির নিমিত্ত ব্রহ্মাদি দেবতাগণ অহর্নিশ যত্ন করিতেছেন এবং ধ্যানে মগ্ন রহিয়াছেন, সেই ভগবান্ শ্রীনন্দনন্দন যাঁহার পাদসেবার নিমিত্ত সর্ব্বদা উৎসুক, সেই বৃষভানুনন্দিনী শ্রীরাধিকার আশ্রয় আমি সর্ব্বদা গ্রহণ করিলাম॥ ১ ॥

হে সুমতিদায়িনি শ্রীরাধিকে! আপনার মহিমাকর-কুণ্ডযুগলে (শ্রীরাধাকুণ্ড শ্রীশ্যামকুণ্ডে) স্নান করিয়া ঐ কুণ্ডদ্বয়ের মহিমা কীর্ত্তনে সমর্থ হইতে পারি, আপনার চরণারবিন্দে তদ্রূপ সুমতি এই মন্দবুদ্ধিকে প্রদান করুন॥২॥

যৎকীর্ত্তি সাগরবরে বহবো মহান্তঃ,
স্নাতাঃ পরং নতু গতাঃ কথনেন পারং।
কাহং তু তত্র পরমাণুকুবুদ্ধিমানী,
বক্তুং ক্ষমো যদি পরং করুণা ময়ি স্যাৎ ॥৩॥

সংদৃভিতা দৃভিতাপি বৈ সুমনসা সদ্‌গ্রন্থগুণসংযুতা,
চেন্নতু যা ভগবৎপরা চ তদীয়ঞ্জিঘ্রন্তি নহি বৈষ্ণবাঃ।
শ্রীভগবদ্‌গুণরঞ্জিতা কলুষিতা সদ্ভিঃ সদৈবাদৃতা,
অরাতি জাতোৎসাহ এব তদহং মূঢ়োঽপি সম্যগ্‌ যথা ॥৪॥

পাদ্মস্যোত্তরখণ্ডতোহি চ তথা স্কান্দাদিবারাহতঃ,
ব্রহ্মাণ্ডাচ্চতুর্গৌতমীয়তন্ত্রাদাকৃষ্য সারং যথা!
বৃন্দান্নারদতন্ত্রতোহি সকলং পদবন্ধভাষোদ্ভবাৎ,
জ্ঞাত্বা রাধাকুণ্ডজাংহি মহিমাং বক্ষে যথাধীস্তথা ॥৫॥

যদ্‌যোগীশৈশ্চিন্তিতংহৃদিসদা শাস্ত্রৌঘসম্পাদিতং,
যং বৈ পূর্ণংব্রহ্মবীজমখিলং কথ্যন্তি বেদান্তিনঃ।

যে কীর্ত্তিসাগরের বর্ণন কবিগণও করিতে পারেন নাই, কেবল স্নানমাত্রই করিয়াছেন, কুবুদ্ধি; নিতান্ত ক্ষুদ্র ও অভিমানী হইয়া আমি কি প্রকারে তাঁহার বর্ণন করিব? তবে আপনার কৃপা যদি হয় তাহা হইলে কিছু বলিতে সমর্থ হইতে পারি ॥ ৩ ॥

কুসুমদ্বারা উত্তমরূপে গ্রথিত ও উত্তম গুণযুক্ত মাল্যও যদি ভগবৎ-সেবিত না হয়, তবে বৈষ্ণবগণ তাহার অণুমাত্রও আঘ্রাণ গ্রহণ করেন না। আবার সেই নিন্দিত মাল্যই যদি ভগবদ্‌গুণে রঞ্জিত হয়, তবে তাহা সর্ব্বদা সাধুগণের সেব্য হইয়া থাকে। এইরূপ দৃষ্টান্তেই আমি ভগবদ্-গুণ-বর্ণনে উৎসাহ সম্পন্ন, সুতরাং আমি মূঢ় হইলেও আমার বর্ণনা সেই ভগবদ্‌গুণ মাহাত্ম্যেই সুধীগণের সম্মত হইবে ॥ ৪ ।

পদ্মপুরাণের উত্তরখণ্ড, তথা স্কন্দপুরাণ, তথা আদি বরাহপুরাণ, তথা ব্রহ্মাণ্ডপুরাণ, তথা গৌতমীয় তন্ত্র, তথা ভাষা গ্রন্থ হইতে সার সার গ্রহণ করিয়া নিজ বুদ্ধি অনুসারে শ্রীরাধাকুণ্ডের মহিমা বর্ণন করিতেছি ॥ ৫ ॥

যোগেশ্বরগণ সর্ব্বদা যাঁহাকে হৃদয়ে ধ্যান করিয়া থাকেন, শাস্ত্রসমূহ

অষ্টাবিংশে দ্বাপরে স্বয়মসৌ পূর্ণোঽপিলীলায়িতুং
জাতঃ শ্রীশ্রীগোকুলেখলুহরিঃ শ্রীকৃষ্ণনামা বিভুঃ ॥৬॥

কংসোমাতুলমাথুরাধিপ ইতি ব্যোমস্থয়া কন্যয়া,
হন্তা তে হিতু গোকুলে স্বয়মজো জাতো জড় ! শ্রূয়তাম্ ॥
ইত্থং বৈবহুবোধিতস্তু চ রুষাবিষ্টোহি দৈত্যাসুরৈঃ,
সংমন্ত্র্যাথ দৃঢ়ং হি বৈরমনিশং গোপৈঃ সমাবর্দ্ধত ॥৭॥

শ্রীকৃষ্ণস্য বধার্থমেববহুশো যত্নানি সংকারয়ন্,
স্বত্ব্যোঘৈস্তু চ পূতনাভিরসৌ শক্তো ন তৎ সাধিতুম্।
চিন্তাগ্রস্ত মিমন্ত কৃষ্ণহননেঽরিষ্টাখ্যাদৈত্যো মহান্,
সঙ্কল্পং মূদতশ্চকার হননে যোগেশ্বরস্যাপ্যহো ॥৮॥

সংকল্প্যাথ দৃঢ়ং সএব সুরদ্বিট্ কংসদ্বিষং গোপজং
হন্তুং নীলবৃষস্য রূপমখিলং ঘোরং বিধৃত্যৈকদা।

যাঁহাকে পরব্রহ্ম বলিয়া নিশ্চয় করিয়া থাকেন, বেদান্তিগণ যাঁহাকে এই সংসারের মূল কারণ পূর্ণব্রহ্ম বলিয়া থাকেন, সেই ভগবান্ লীলার নিমিত্ত অষ্টাবিংশ চতুর্যুগীয় দ্বাপরযুগে ব্রজমণ্ডলান্তর্গত গোকুল গ্রামে শ্রীকৃষ্ণনামে জন্মগ্রহণ করিয়াছিলেন ॥ ৬ ॥

মথুরামণ্ডলাধিপতি শ্রীকৃষ্ণের মাতুল কংস যে সময় শ্রীদেবকীর কন্যাকে বিনাশের অভিলাষে মারিতে উদ্যত হইয়াছিল, সেই সময় সেই কন্যা আকাশে গমন করিয়া কংসকে বলিয়াছিল— "ওরে মূর্খ! শ্রবণ কর্, তোর মৃত্যু স্বরূপ স্বয়ং ভগবান্ গোকুলে জন্মগ্রহণ করিয়াছেন।" এই কথা শুনিয়া কংস অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দৈত্যগণের সহিত মন্ত্রণা করিয়া গোপগণের সহিত অহর্নিশ অত্যন্ত শত্রুতা করিতে আরম্ভ করিল ॥ ৭ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্রকে বিনাশ করিবার নিমিত্ত কংস পূতনা প্রভৃতি অসুরগণকে প্রেরণ করিয়াছিল এবং আরও অনেক প্রকার যত্ন করিয়াছিল কিন্তু স্বকার্য্য সিদ্ধ হইল না ভাবিয়া অত্যন্ত চিন্তান্বিত হইল। সেই সময় কংসকে অতিশয় চিন্তান্বিত দেখিয়া অরিষ্ট নামে মহা বলিষ্ঠ দৈত্য যোগেশ্বর শ্রীকৃষ্ণকে বিনাশ করিবে বলিয়া কংসের নিকট দৃঢ় প্রতিজ্ঞা করিল ॥ ৮ ॥

অরিষ্টাসুর দৃঢ় সঙ্কল্প করিয়া নিজ স্বামি কংস-বৈরি নন্দনন্দন শ্রীকৃষ্ণ

নন্দন্ ঘোরতরং হি মেঘস্বনবৎসর্ব্বং ব্রজং ত্রাসয়ন,
গোবৎসৈর্বিচরন্তমত্র সসখং কৃষ্ণং স্বপশ্যদ্রুষা ॥ ৯ ॥

হংহোঽয়ং হি সুনিশ্চয়ং মম রিপুস্তৃক্কস্তনন্দাত্মজঃ
আশ্চানেন হতং হি বান্ধবকুলং মৎকং দৃঢ়ং প্রেরিতম্
অত্যৈবেনমহং নিহত্য সসুখং কুর্ব্বে ক্রিয়াং সাম্পরাং
রাজ্ঞশ্চাভি মতস্ম চেতি সমধাবদ্ বৈ হি শৃঙ্গায়ুধঃ ॥ ১০ ॥

তমাপতন্তং তু মহাজবেন,
বিদ্রাবিতঞ্চাপি স্বগোকুলং হি।
নিরীক্ষ্য কর্ত্তব্যমিদং হি মে ইতি,
বিস্ফোট্য টালন্ত হরি র্হাতিষ্ঠৎ ॥ ১১ ॥

রুষাগতং তস্ম দৃঢ়ং হি শৃঙ্গয়োঃ,
প্রগৃহ্য গোপাঙ্গজ এব চাসুরং।
পশ্চাদপোবাহ পদানি কতাঃ,
পপাত ভূমাবসুরো ভৃশার্ত্তঃ ॥ ১২ ॥

চন্দ্রকে বিনাশ করিবার অভিপ্রায়ে নীলবর্ণ বৃষের রূপ ধারণ করিয়া মেঘের ন্যায় গর্জ্জন করিতে করিতে সর্ব্ব ব্রজকে ভয় দেখাইতে দেখাইতে এই স্থানে গোপবালকষণের সহিত গোচারণরত শ্রীকৃষ্ণচন্দ্রকে অত্যন্ত ক্রোধপূর্ব্বক অবলোকন করিতে লাগিল ॥ ৯ ॥

"অহো! এই নন্দনন্দন যদি নিশ্চয়ই আমার শত্রু হয়, আর ইহাকে মারিবার নিমিত্ত কংসরাজ আমার যে বান্ধবকুল প্রেরণ করিয়াছিলেন—সেই বান্ধবকুল যদি এই বালকই বধ করিয়া থাকে—আহা! তাহা হইলে এই কুলবৈরিকে অতি সহজেই বধ করিয়া ইহার রক্ত দ্বারা মৃত বান্ধবগণের তর্পণ করিব, কংসরাজেরও মনোরথ সফল হইবে।" এই প্রকার চিন্তা করিয়া অরিষ্টাসুর শ্রীকৃষ্ণকে মারিতে ধাবিত হইল ॥ ১০ ॥

শ্রীকৃষ্ণও আপনার প্রতি ধাবিত অরিষ্টাসুরকে দেখিয়া ও তৎকর্ত্তৃক গো সকল ছিন্নভিন্ন হইয়াছে দেখিয়া—"অহো! এখন আমার ইহাই কর্ত্তব্য" এই প্রকার চিন্তা করত অতি বেগে অসুরের সম্মুখে উপস্থিত হইলেন ॥ ১১ ॥

তৎপরে—ক্রোধপূর্ব্বক ধাবমান অরিষ্টাসুরের দুই শৃঙ্গ ধারণ করিয়া

উত্থায় ভূয়োঽপিতু রোষসত্বরো
হন্তুং হরিং ক্রোধকষায়লোচনঃ।
অন্বাদ্রবৎ তংতু পুনর্হ্যরিষ্টং
সমাসসাদাতি বলৌজসাহভিঃ ॥ ১৩ ॥

তৌমল্ললীলাভিরতৌ পরস্পরং, বিকর্ষিতৌ সিংহগজৌ যথামিথঃ
কৃষ্ণোঽভিশৃঙ্গং সহসাহি মুষ্টিনা, হসন্ ততাড়াভিবিলাস কৌশলঃ ॥১৪

হরে র্মুষ্টেঃ পাতাদস্ক বহুকৃচ্ছ্রান্মুখনসঃ,
বমন্ মুঞ্চন্ লেড্রং গিরিরিব পপাত ক্ষিতিতলে।
ব্যস্থো স্তদ্দেহোত্থং কিমপি সুখকান্তি স্তদবিশৎ,
অহো দুষ্টোঽপ্যাপ্তঃ সুরমুনি দুরাপাং গতিমিমাং ॥ ১৫ ॥

স্থিতঃ স্বর্গে দ্রষ্টং বৃষভহরিযুদ্ধং বহু মুদা,
সনাথ শ্চেদানীং অহমিতি গৃণন্ বৈবহুতরং।

শ্রীকৃষ্ণ তাহাকে পশ্চাদ্ভাগে ঠেলিয়া দিলেন, অসুরও কিছু হটিয়া গিয়া ভূমিতে পড়িয়া গেল ॥ ১২ ॥

অরিষ্টাসুর ভূতলে পতিত হইয়াও পুনর্ব্বার অত্যন্ত ক্রোধপূর্ব্বক শ্রীকৃষ্ণের প্রতি ধাবিত হইল। শ্রীকৃষ্ণও পুনর্ব্বার অরিষ্টাসুরের প্রতি অতিশয় ক্রোধ পূর্ব্বক ধাবিত হইলেন ॥ ১৩ ॥

সিংহ ও হস্তীর ন্যায় শ্রীকৃষ্ণ ও অরিষ্টাসুর পরস্পর মল্লযুদ্ধ করিতে করিতে সহসা শ্রীকৃষ্ণ মুষ্টি দ্বারা অরিষ্টাসুরের শৃঙ্গে আঘাত করিলেন ॥ ১৪ ॥

ভগবানের মুষ্টির আঘাতে অরিষ্টাসুর মুখ নাসিকা দ্বারা রক্ত বমন করিতে করিতে এবং বিষ্ঠা ত্যাগ করিতে করিতে ভূতলে পর্ব্বতের ন্যায় নিপতিত হইল। সেই সময় তাহার দেহ হইতে এক অপূর্ব্ব জ্যোতিঃ বাহির হইয়া শ্রীকৃষ্ণেতে লীন হইল। আহা কি আশ্চর্য্যের বিষয়! সুরমুনিগণও যে জ্যোতিঃ প্রাপ্ত হন নাই অরিষ্টাসুর অনায়াসেই তাহা পাইল ॥ ১৫ ॥

সে সময়ে উভয়ের যুদ্ধ দেখিতে দেবগণ আকাশে আসিয়া যখন দেখিলেন যে, অসুর বধ হইল ; তখন সহর্ষে তাঁহারা বলিলেন যে,—"আজ আমরা সনাথ

অবাপ্তঃ সাযুজ্যং খলু হরিকৃপাতোঽস্থর অহো,
সুখং চক্রেবৃষ্টিং বিবিধসুমনোভিঃ সুরগণঃ ॥ ১৬ ॥

হতং বালেনৈব পৃথুলগিরিকায়ং তদসুরং,
নিরীক্ষন্তো বদ্ধা পৃথুকসখিগোপা বহুতরং।
বিসক্ষ্মশ্চাত্যন্তং তদনুকৃতলীলামনুবদন্.
সুসত্যং গর্গোক্তং ত্বিতি বিদিত মন্থেবখলুনঃ ॥ ১৭ ॥

হতোঽরিষ্টেঽরিষ্টে ব্রজনিবসকানাং ভগবতা,
পরং চিত্তে কৃষ্ণং বৃষভসমরূপং হতমিতি।
যশোদা রক্ষার্থং প্রিয়নিজসুতস্যৈব হি দদৌ,
শতং বৈ গোদানং সুবিপঠিতবিপ্রেভ্য স্তুতিমুদা ॥ ১৮ ॥

অথৈবং শ্রীকৃষ্ণো ব্রজসকলবিঘ্নান্ অপনয়ন্,
দদন্ প্রীতিং স্বীয়াং প্রণয়ঘনভাবৈ র্ব্রজকুলং।

হইলাম, অহো! আজ ভগবৎ কৃপায় অসুরও সাযুজ্য মুক্তিলাভ করিল।" এই বলিয়া আনন্দে দেবগণ পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন ॥ ১৬ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ বালক হইয়াও পর্ব্বতসদৃশ অরিষ্টাসুরকে বধ করিলেন, ইহা দেখিয়া বৃদ্ধ গোপগোপীগণ বড়ই বিস্ময়ান্বিত হইলেন এবং পূতনা বধাদিলীলা স্মরণ করিয়া বলিতে লাগিলেন—"শ্রীগর্গাচার্য্য যাহা বলিয়াছিলেন, তাহা অদ্য সত্যই আমরা অনুভব করিতে পারিলাম" ॥ ১৭ ॥

ব্রজের অরিষ্টরূপ অরিষ্টাসুরকে যে সময় শ্রীকৃষ্ণ বধ করিলেন, সে সময় সকল ব্রজবাসী প্রসন্ন হইলেন; এবং মা যশোদা শ্রীকৃষ্ণকে রক্ষার নিমিত্ত সুশিক্ষিত ব্রাহ্মণগণের উদ্দেশ্যে শত গোদান করিলেন। কিন্তু ব্রজবাসিগণের চিত্তে এইটুকু কেবল আন্দোলন হইতে লাগিল—"কৃষ্ণ গোবেশধারি অরিষ্টাসুরকে কেন বধ করিলেন" ॥ ১৮ ॥

এই প্রকারে শ্রীকৃষ্ণ ব্রজের সকল বিঘ্নই অপনয়ন করিয়া ব্রজবাসিগণকে অপার প্রীতিদান করিয়াছিলেন; কোন এক সময় শ্রীকৃষ্ণ রাসলীলার নিমিত্ত

অথৈকস্মিন্ কালে প্রণিতস্তুখরাসোম্মথহরিং
বভাষে শ্রীরাধা নহি নহি নহীদং স্মিতমুখী ॥ ১৯ ॥

গোবধস্য নিষ্কৃতি স্ত্রিলোকতীর্থ কোটিভিঃ,
বৈ ভবেৎতু মে শ্রুতং ধ্রুবং হি শাস্ত্রসঙ্গমে।
ভো হতস্ত্বয়াপিবৎস এব পশ্যতাং হি নঃ,
মাকুথাঃ স্পার্শনং মদীয়কন্যকাজনং ॥ ২০ ॥

মারিতো ন বৎস এব বৎসরূপধৃক্ প্রিয়ে!
মদ্বধার্থমীরিতো হ্যরিস্ট উগ্রসেনিনা।
দ্রাবিতঞ্চ গোকুলং ত্বানন তীক্ষ্ণশৃঙ্গিনা
আততায়িনো বধং সদৈব শাস্ত্রসম্মতম্ ॥ ২১ ॥

দৈত্য এষ এব যত্ননেন গোবপুর্ধৃতং
জ্ঞাত মেব তে পরং ন গোপবৃদ্ধবালকৈঃ।
বৃত্র এব যদ্যপি সমস্তলোক দ্রাবকঃ
ব্রহ্মহেতি দোষসম্পৃদ্ হি পাকশাসনিং ॥ ২২ ॥

প্রার্থনা করিলে শ্রীরাধিকা ঈষৎ হাস্য করিয়া বলিলেন,—"না—না—না ইহা হইবে না। ॥ ১৯ ॥

"যেহেতু আমি শাস্ত্রে শ্রবণ করিয়াছি যে ত্রিলোকগত সকল তীর্থে স্নান করিলে গোবধরূপ পাপ হইতে নিষ্কৃতি পাওয়া যায়। আপনিও ত আমাদিগের সাক্ষাতে গোবধ (বৃষভাসুর) করিয়াছেন, অতএব আমার প্রিয় গোপীগণকে আপনি স্পর্শ করিবেন না" ॥ ২২ ॥

"হে প্রিয়ে! আমার বধের নিমিত্ত কংস প্রেরিত বৎসরূপধারী অরিষ্টাসুরকে আমি বধ করিয়াছি কিন্তু গো বৎস বধ করি নাই। এই অরিষ্টাসুর তীক্ষ্ণ শৃঙ্গ দ্বারা সকল গোকুলদ্রাবিত করিয়াছিল—আর আততায়ীর বধ শাস্ত্রসম্মত ॥ ২১ ॥

"এই দৈত্য ছলপূর্ব্বক যে গোদেহ ধারণ করিয়াছিল তাহা তুমিই জান, অন্য কোন বালক বা গোপগোপী কেহ জানে না। বৃত্র অসুর হউক বা

কথাতোং প্রিয়ে ! যথা ভবেদতোহি নিষ্কৃতি,
নৈব শাস্ত্রহেলনং করোমি প্রাণসম্মতে !
ব্রাজকষ্টদো হি মেব মারিতো ময়াসুরঃ
নিশ্চিতং সদৈব ক্ষেম যেনবৈ ব্রজৌকসাং ॥ ২৩ ॥

অশ্বমেধ যাগতশ্চ তীর্থকোটিদর্শনাৎ
বিপ্রগোনিহন্তুরেব নিষ্কৃতীতি মে শ্রুতং ।
সাধ্যমেব যদ্দ্বয়োর্হি রোচতে সমানয়োঃ,
মার্জ্জিতং ভবেদতো হি সর্ব্বতোঽভিলাঞ্ছনং ॥ ২৪ ॥

স্বীকৃতং হি মে প্রিয়ে! যথাত্বয়াভিভাষিতঃ,
যাগতীর্থদর্শনং ব্রজং বিহায় দুষ্করং ।
তীর্থকোটি মাহ্বয়ামি চেৎ ত্বদীয়সম্মতং
তর্হি সৌখ্যদং ভবেদহি গোপ-গো-ব্রজৌকসাং ॥২৫॥

সমস্ত লোকদ্রাবকই হউক, ইন্দ্ররাজ যখন তাহাকে বধ করিয়াছিলেন, তখন তিনি ব্রহ্মহত্যার পাতকী হইয়াছিলেন ॥ ২২ ॥

শ্রীরাধিকার এবম্প্রকার বাক্য শুনিয়া শ্রীকৃষ্ণ বলিলেন—"প্রিয়ে ! বল কি করিলে এই পাতক হইতে আমি নিষ্কৃতি পাইব আর শাস্ত্রহেলনও না হয়? ব্রজবাসিগণের কষ্ট নিবারণের জন্য আমি অসুর বধ করিয়াছি, কারণ তাহাদের কষ্ট কখনই আমি দেখিতে পারি না" ॥ ২৩ ॥

শ্রীরাধিকা বলিলেন,—"গো এবং ব্রাহ্মণবধের পাতকী যে পুরুষ, তাহার অশ্বমেধ যজ্ঞ ও কোটি তীর্থ দর্শন করিলে পাপক্ষয় হইয়া থাকে। পূর্ব্বোক্ত দুটি উপায়ের মধ্যে যাহা তোমার ইচ্ছা তাহা করিতে পার, তবে তোমার সমস্ত অপরাধ দূর হইবে ॥ ২৪ ॥"

শ্রীকৃষ্ণ বলিলেন—প্রিয়ে! তোমার কথিত সমস্ত বাক্যই আমি স্বীকার করিলাম, কিন্তু ব্রজ পরিত্যাগ করিয়া যাগ ও তীর্থ দর্শন করা আমার সম্বন্ধে দুষ্কর! অতএব যদি তোমার মত হয়, তবে সকল তীর্থ এখানে আহ্বান করিয়া আনি, আর তাহা হইলে গোপ, ব্রজবাসী ও গোগণ সকলেরই আনন্দ হইবে ॥ ২৫ ॥

ভূতলে নদী নদা সরাংসি যানি সর্ব্বতঃ,
আহ্বয়স্ত তানিতু হরিষ্ট পাদখাতকে।
স্নানতো ভবিষ্যতীতি নিষ্কৃতি র্ধ্রুবংহিতে,
স্পৃষ্টু মেব নঃ সদা ত্বমর্হসি ত্বমর্হসি ॥ ২৬ ॥

ইত্থমেব জ্ঞাপিতোহি রাধয়া স্বয়ং হরিঃ,
তোষিতশ্চ দুশ্চরাঙ্ঘ্রি তীর্থকোটিসাধনাৎ।
পূরয়ামি বাঞ্ছিতং বিচারয়ন্ননেন বৈ,
তীর্থকোটিমাজুহাব সর্ব্বতো ভুবিস্থিতাং ॥ ২৭ ॥

ধ্যায়ন্ চিত্তেহিগঙ্গাং প্রথমমধরিতঃ পাদঘাতং চকার,
তোয়ং পাতালগঙ্গোদ্ভবমচিরমভূৎ পাদাঘাতাদ্ হরেবৈ।
দৃষ্ট্বা তত্তোয়শুদ্ধং কলিমলহরণং রাধিকাদ্যাঃ সুগোপ্যঃ,
চিত্রং কৃষ্ণে ত্বহোবৈ ত্বতিতরমধুরং ধন্যমুচুশ্চ ধন্যং ॥ ২৮ ॥

আজগ্মুস্তত্র সর্ব্বে নিজমনসিজ বাঞ্ছাপূর্ণবিশ্বস্তচিত্তাঃ,
শ্রীশ্রীকৃষ্ণেন্দুসন্দর্শনরভসসমুৎফুল্ললোলেক্ষণানি।

শ্রীরাধিকা বলিলেন,—এই ভূতলে নদ, নদী, সরোবর প্রভৃতি যত তীর্থ আছেন, সে সকল তীর্থই অরিষ্টাসুর-পাদখনিত স্থানে আনয়ন করে তাহাতে স্নান কর, তাহা হইলেই তোমার পাপ দূরে যাইবে ও তুমি আমাদিগকে স্পর্শ করিতে পারিবে" ॥ ২৬ ॥

শ্রীরাধিকা শ্রীকৃষ্ণকে যখন এই প্রকার বলিলেন, তখন শ্রীকৃষ্ণও বিচার করিলেন যে, "আমার দর্শনের নিমিত্ত তীর্থগণও অনেকদিন হইতে তপস্যা করিতেছে ; এই ছলে তাহারাও আমার দর্শন পাইবে" এই প্রকার বিচার করিয়া পৃথিবীর যত তীর্থ সকলকেই ডাকিতে লাগিলেন ॥ ২৭ ॥

প্রথমেই শ্রীগঙ্গাকে স্মরণ করিয়া শ্রীকৃষ্ণ ভূমিতে পাদপ্রহার করিলেন। যেমন পাদপ্রহার করিলেন, তখন পাতাল হইতে গঙ্গাদেবীর সেই কলিমল-হরণ অতিশুদ্ধ জল নির্গত হইল। সেই গঙ্গাজল দেখিয়া শ্রীরাধিকাদি গোপীগণ শ্রীকৃষ্ণচন্দ্রকে বারম্বার ধন্যবাদ দিতে লাগিলেন ॥ ২৮ ॥

শ্রীকৃষ্ণের আহ্বানমাত্রই সমস্ত তীর্থ নিজ নিজ মূর্ত্তি ধারণ ও নিজ নিজ নাম

চূড়াপ্রত্যুপ্তভাস্বন্মণিরুচিরুচিরৈঃ শোভমানা শিরোভিঃ,
স্বাং স্বাভিখ্যাং গৃণন্ বৈ কৃতনিরতিশয়োপায়নাস্তীর্থরাজঃ ॥ ২৯ ॥

নির্ব্বিন্ধ্যাতাপি বেদস্মৃতিযমুনা গোমতী চন্দ্রভাগা
অন্ধঃ সিন্ধুঃ শতদ্রুস্ত্বকথিতমহিমা তাম্রপর্ণী সুসোমা
কাবেরী নর্ম্মদাখ্যা শুচিজলসরযূ গৌতমী তুঙ্গভদ্রা,
বিশ্বাসিক্নী ত্রিসামা সুরপুরশুচিদা কৌশিকী কৃষ্ণবেণ্যা ॥ ৩০ ॥

চন্দ্রা রেবাবিতস্তা সুরমুনিসুখদা শোণচর্ম্মন্বতী বৈ,
মন্দাকিন্যা বটোদা প্রথিতসুসুরসা চন্দ্রবাসা চ ফল্গু।
বেণী গোদাবরী বৈ প্রথিতসুমহিমা গণ্ডকী শার্করাখ্যা,
বৈহায়াসী পয়োষ্ণী কলিমলহরিণী ভীমরথ্যর্ষিকুল্যা ॥ ৩১ ॥

সরস্বতী কৃতমালা মহানদ্যঃ সহস্রশঃ।
আয়াতাশ্চ নদাঃ সর্ব্বে হর্ষ্যাৎকৃষ্ণদিদৃক্ষবঃ ॥ ৩২ ॥

ক্ষারাব্ধ্যাদি সমুদ্রাশ্চ সপ্তৈব পুষ্করং তথা।
প্রভাসশ্চ প্রয়াগাদ্যা আহূতাস্তীর্থকোটিশঃ ॥ ৩৩ ॥

গ্রহণ পূর্ব্বক উপায়ন লইয়া তাঁহার অগ্রে উপস্থিত হইলেন এবং তীর্থ সকল "আমাদের মনোরথ আজ পূর্ণ হইল" এই ভাবিতে ভাবিতে অত্যন্ত আনন্দিত হইলেন ॥ ২৯ ॥

তীর্থ সকলের নাম যথা—নির্ব্বিন্ধ্যা, তাপি, বেদস্মৃতি, যমুনা, গোমতী; চন্দ্রভাগা, অন্ধঃ, সিন্ধুঃ তাম্রপর্ণী, মহিমান্বিতা, সুসোমা, কাবেরী, নর্ম্মদা, পবিত্রজলা সরযূ, গৌমতী, তুঙ্গভদ্রা, বিশ্বা, অসিক্নী, ত্রিসামা, লোকপবিত্রকারিণী কৌশিকী, কৃষ্ণবেণ্যা ॥ ৩০ ॥

চন্দ্রা, রেবা, বিতস্তা, সুরমুনিসুখদায়িনী—শোণ, চর্ম্মন্বীত, মন্দাকিনী, অবটোদা, প্রসিদ্ধ সুরমা, চন্দ্রবাসা, ফল্গু, বেণী, গোদাবরী, অপারমহিমান্বিতা গণ্ডকী, শর্করা, বৈহায়াসী, পয়োষ্ণী, কলিমলনাশিনী, ভীমরথী, ঋষিকুল্যা ॥৩১॥

সরস্বতী, কৃতমালা ইত্যাদি সহস্র সহস্র মহানদী ও নদ সকলেই শ্রীকৃষ্ণ দর্শনের নিমিত্ত আনন্দিত হইয়া আসিতে লাগিলেন ॥ ৩২ ॥

লবণ সমুদ্রাদি সপ্তসমুদ্র, পুষ্কর, প্রভাস ও প্রয়াগাদি কোটি কোটি তীর্থ আসিতে লাগিলেন ॥ ৩৩ ॥

আয়তানাং সমন্তাৎ জয় জয় বদতাং মূর্ত্তিমত্তীর্থরাজম্
এষোহং সিন্ধুশোনস্থিতি বিবিধমুদাধ্বানিতং স্বর্গলোকং।
ক্লেদং কোলাহলং বৈ রভসতয়া দ্রষ্টুমেবামরাস্তু,
আরুহ্যারুহ্য যানেম্বিতিশয়কুতুকেনাস্থিতা স্বর্গবীথীং ॥ ৩৪ ॥

ব্রহ্মেশেন্দ্রাগ্নিদেবাঃ পিতৃগণমনবশ্চারণা অপ্সরাশ্চ,
সিদ্ধা বিদ্যাধরা বৈ কুতুকপরবশাঃ কিন্নরা লোকপালা
গন্ধর্ব্বা নাগকোট্যস্ত্বগণিতগণশঃ কোটিকোট্যাবিতালাঃ।
নির্ব্ব্যাজ্যোৎসুক্যসজ্জীকৃতনিরতিশয়োপায়না দেবরাজঃ ॥ ৩৫ ॥

মূর্দ্ধ্না স্পৃশন্ ভগবতশ্চরণোপধানম্
নত্বা স্তবন্ পরিচয়ন্ নিজনামধেয়ৈঃ।
কথ্যন্ত এব নিজনামপ্রশংসকান্তে,
সর্ব্বে হি সাঞ্জলিপুটা কুলতীর্থরাজঃ ॥ ৩৬ ॥

প্রয়াগ উবাচ—

ধ্যায়ন্তি সুরমুনিবরা দ্রষ্টুং হি নিত্যং,
মামেব স্নাতু মণিশঞ্চ যতন্তি দেবাঃ।

তীর্থ সকল আসিয়া জয় জয় শব্দ উচ্চারণ পূর্ব্বক নিজ নিজ নাম ও স্থানের পরিচয় দিতে লাগিলেন যথা—"আমি সিন্ধু, আমি শোণ, আমি প্রয়াগ, আমি প্রভাস" ইত্যাদি অসংখ্য তীর্থের ধ্বনি স্বর্গ পর্য্যন্ত স্পর্শ করিল। সেই ধ্বনি শুনিয়া তখন দেবতাগণ "এই কোলাহল কোথায় হইতেছে?" এই প্রকার বলিতে বলিতে অতিশয় কৌতুহল পূর্ব্বক স্বস্ব বিমানে আরোহণ করিয়া আকাশপথে আগমন করিলেন ॥ ৩৪ ॥

ব্রহ্মা, ঈশ (মহাদেব) ইন্দ্র, অগ্নি, পিতৃগণ, মনুগণ, চারণগণ, অপ্সরাগণ, সিদ্ধগণ, বিদ্যাধরগণ, অতি কৌতুহলান্বিত কিন্নরগণ, লোকপাল, গন্ধর্ব্ব, নাগ, বৈতাল প্রভৃতি কোটি কোটি দেবতাগণ অতি আনন্দপূর্ব্বক শ্রীকৃষ্ণের দর্শন করিতে লাগিলেন ॥ ৩৫ ॥

তীর্থ সকল নিজ নিজ মস্তক শ্রীকৃষ্ণচরণারবিন্দে ধারণ করিয়া এবং আপন আপন নামধামের পরিচয় প্রদান করিয়া আপন আপন ভাগ্য প্রশংসা-পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে শ্রীকৃষ্ণের স্তুতি করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

প্রয়াগ বলিলেন, আপনার চরণারবিন্দের কৃপায় সুর-নর-মুনিগণ আমার

এষা কৃপা হি ভবতস্ত্বিতি গোপসূনোঃ
সংদর্শিতস্তপদকঞ্জমিমং নতোহস্মি ॥ ৩৭ ॥

পুষ্কর উবাচ—

ব্রজং স্থানমিদং হি সাধনশতৈর্দ্দৃশ্যমেবামরৈঃ,
ভাগ্যে নোহপি চ দর্শনং হি ঘটিতং তদ্‌বঃ কৃপাতঃ পরং।
কুর্ব্বন্তং হি তু বৈরমেব সুদৃঢ়ং দ্রষ্টুং ত্বরিষ্টাসুরং
দত্তা মুক্তিরলৌককী তু ভবতা বন্দে কৃপালুং হরিং ॥ ৩৮ ॥

নদা উচুঃ—

নিত্যং বৈ তু বয়ং প্রভো! তব পদাব্জং দ্রষ্টমেবোৎসুকাঃ।
ধ্যায়ন্তো হ্যনিশং বিভো! ত্বয়ি ধৃতাশা এব ভক্তেস্পুদে।
দুঃসাধ্যং যদিদং তু সাধনশতৈস্তন্নো যথাদর্শিতং,
এষা বৈভবতঃ কৃপা সমুদিতা ধ্যায়েম চৈতৎ পদম্॥ ৩৯ ॥

সরস উচুঃ—

সরসো বয়ন্তু ভবতাদ্যকৃতা হি সরসঃ
সুখদর্শিন্তু পদকঞ্জমিদং হি সকলম্।

দর্শনের নিমিত্ত আমার প্রবাহে স্নান করিতে যত্ন করিয়া থাকেন, সেই চরণারবিন্দের দর্শন আজ আমার ভাগ্যে হইল। ঐ চরণারবিন্দে আমি প্রণত হইলাম ॥ ৩৭ ॥

পুষ্কর বলিলেন,—"যে ব্রজধামের দর্শনের নিমিত্ত দেবতাগণ শত শত সাধন করিয়াও দর্শন করিতে পান নাই, একমাত্র আপনার কৃপাবলেই সেই ব্রজধামের আজ দর্শন পাইলাম— আর দুষ্ট অরিষ্টাসুর আপনার সহিত শত্রুতা করিলেও আপনি অলৌকিকী মুক্তি তাহাকে দান করিলেন। হে ভগবন্ দয়াময়! আপনাকে প্রণাম করি" ॥ ৩৮ ॥

নদগণ বলিলেন—"হে প্রভো! আপনার চরণারবিন্দ দর্শনের নিমিত্ত আমরা বড়ই উৎকণ্ঠিত ছিলাম, আর ভক্তবাঞ্ছাপূর্ণকারি আপনাতে অহর্নিশি আশা ধারণ করিয়া আপনার ধ্যান করিতেছিলাম, আর আপনার যে চরণ দর্শন শত শত সাধনে ও লাভ করা যায় না—সেই চরণযুগল আজ আপনার কৃপাতেই দেখিলাম, আপনার সেই চরণযুগল সর্ব্বদা আমরা ধ্যান করি ॥ ৩৯ ॥

সরোবরগণ বলিলেন,—"হে ভগবন্! আজ আমাদের নামের সার্থক

ভগবন্ কৃপাং তু কুরু নো হি যথাহি সততং,
সুরতিস্তবৈব চরণাব্জবরে তু বিমলা ॥ ৪০ ॥

নদ্যং উচুঃ –

দেশাধমেষু বয়মেব সদা বহামঃ,
ত্বয্যেব নিত্যমখিলা ধৃতচিত্তধর্ম্মাঃ।
দৃষ্ট্যাত্বদর্শিতমহোমিষবার্ষভেণ
কারুণ্যয়া হি ভবতা পদমার্ত্তবন্ধোঃ ॥ ৪১ ॥

এবং যোগেশ্বরং কৃষ্ণং যশোদায়াস্তনন্ধয়ং।
স্বস্বনামবিভেদেন চাস্তবন্ তীর্থকোটিশঃ ॥ ৪২ ॥

নিন্দন্তঃ পক্ষ্মনীচাক্ষ্ণোঃ শ্যামসুন্দরবিগ্রহং।
নিরীক্ষন্তো ন তত্বপুঃ প্রোচুঃ প্রেম্না সুসজ্জশঃ ॥ ৪৩ ॥

আহূতা ভবতা গতা বয়মিমে সর্ব্বে হি তীর্থাভিধা,
যাবন্তো ভুবি সংস্থিতা লঘুবরা অগ্রে স্থিতা পশ্যতাং।

হইল. আপনার দর্শন ভিন্ন আমরা বিরস ছিলাম, আজ আপনার চরণারবিন্দ দর্শনে সরস হইলাম। আর আমাদের প্রতি এই করুণা করুন্ যেন আপনার চরণারবিন্দে নিরন্তর ভক্তি থাকে ॥ ৪০ ॥

নদীগণ বলিলেন,—"হে দীনবন্ধো! দিবানিশি আমরা আপনার ধ্যান করিতে করিতে আপনার চরণে সর্ব্বস্ব সমর্পণ করিয়াছি! তাহা হইলেও নিরন্তরই আমরা ম্লেচ্ছাদিদেশে প্রবাহিত হইয়া থাকি; আজ আমাদিগের বড়ই ভাগ্য যে তীর্থ আনয়নচ্ছলে আপনার চরণ দর্শন করাইলেন ॥ ৪১ ॥

যশোদানন্দন যোগেশ্বর শ্রীকৃষ্ণকে এই প্রকারে নিজ নিজ নামকীর্ত্তন পূর্ব্বক তীর্থ সকল স্তুতি করিতে লাগিলেন ॥ ৪২ ॥

শ্যামসুন্দর মূর্ত্তি দর্শন করিয়া তৃপ্তিলাভ না করিয়া তীর্থ সকল নয়নের পলককে নিন্দা করিয়া প্রেমপূর্ব্বক বলিতে লাগিলেন। ৪৩ ॥

"হে স্বামিন্! আপনা কর্ত্তৃক আহূত হইয়া আমরা এই পৃথিবীতলস্থ সকল তীর্থই (ছোট ও বড়) আপনার সম্মুখে উপস্থিত হইয়াছি ও (আপনার শরণা-

কায়স্থাশরণা গতা হি কৃপয়া স্বামিন্ কৃতার্থীকৃতা,
কাঙ্ক্ষন্তো হি নিদেশমেব ভবতশ্চাজ্ঞা কৃপা দিশ্যতাং ॥৪৪॥

ইত্যেবং বহুবোধিতোপি মুদতস্তীর্থাভিসঙ্ঘৈঃ স্বয়ং,
তুষ্টো গোকুলরাজ এব তু হরিঃ শ্রীকৃষ্ণচন্দ্র স্ময়ম্।
শ্রীরাধাকৃতকৌতুকং সুখপ্রদং তীর্থাভিসঙ্ঘং কথন্
সস্নেহান্বিতদৃষ্টিতস্তু স্নপয়ন্ প্রোবাচ সম্যক্ যথা ॥৪৫॥

সাফল্যং ভবতাং তপঃকৃতমিদং শ্রীরাধয়ারাধ্যয়া
অস্যা বাক্য নিয়ন্ত্রিতেন হি ময়াহূতাস্ত্বরিষ্টে হতে।
যূয়ং তোয়স্বরূপতো হি নিখিলা স্তিষ্ঠন্তু পাদোদকে
স্নাত্বাত্রৈব যথাপমার্জ্জিতমহং স্যাং গোবধাদ্ অদ্যবৈ ॥৪৬॥

ইতি ভগবদাদেশং শ্রুত্বাতীর্থাভিধাস্ততঃ।
জলরূপেণ পাদোদে সর্ব্বে তত্রৈব সংস্থিতাঃ ॥ ৪৭ ॥

যোগেশ্বরোঽপিবিশ্বাত্মা নরলোকং বিড়ম্বয়ন্।
কুর্ব্বন্ প্রিয়াপ্রিয়ং প্রেম্না মুদাচাত্র মমজ্জহ ॥ ৪৮ ॥

গত হইয়া কৃতার্থ হইয়াছি। এখন আপনার আদেশ প্রার্থনা করিতেছি — কৃপা পূর্ব্বক আজ্ঞা করুন্ আমরা কি আদেশ প্রতিপালন করিব ॥ ৪৪ ॥

এই প্রকার তীর্থগণ কর্ত্তৃক প্রার্থিত হইয়া গোকুলরাজ শ্রীকৃষ্ণ সন্তুষ্ট হইয়া আনন্দের সহিত ঈষৎ হাস্য করিতে করিতে এবং সস্নেহান্বিত দৃষ্টি দ্বার স্নান করাইতে করাইতে সুখপ্রদ শ্রীরাধাকৃত কৌতুহল বৃত্তান্ত বর্ণন পূর্ব্বক তীর্থ সকলকে বলিলেন ॥ ৪৫ ॥

"শ্রীরাধিকার কৃপাতেই তোমাদের এখানে আগমন হইয়াছে। বৃষরূপধারী আরিষ্টাসুরকে বধ করিয়া ইহার বাক্যাবদ্ধ হইয়াই আমি তোমাদিগকে আহ্বান করিয়াছি। কারণ সকল তীর্থে স্নান করিয়া গো-বধরূপ পাপ হইতে অদ্য মুক্ত হইব, জলরূপে তোমরা অবস্থান কর" ॥ ৪৬ ॥

এই প্রকার শ্রীভগবানের আদেশ শ্রবণ করিয়া তীর্থ সকল শ্রীগঙ্গার সহিত মিলিত হইয়া সেখানেই অবস্থান করিতে লাগিলেন ॥ ৪৭ ॥

সর্ব্বান্তর্যামী যোগেশ্বর ভগবানও নরলোকের অনুকরণ পূর্ব্বক শ্রীরাধিকার প্রীতিসাধন করিতে ইচ্ছা করিয়া প্রেমেতে স্নান করিতে লাগিলেন ॥ ৪৮ ॥

তদা দুন্দুভয়োর্নেদু দেবানামনুপশ্যতাং।
জহৃষুর্নর্ম্মরাধাদ্যা দৃষ্টোন্মজ্জন্তমীশ্বরম্ ॥ ৪৯ ॥

শুদ্ধো ভবং নবা ব্রূহি মানিনি প্রাণসম্মতে !
ইত্যুক্ত্বা সপ্তবারন্তু নির্ম্মমজ্জ পুনঃ পুনঃ ॥ ৫০ ॥

সর্ব্বং নর্ম্মপ্রলাপেন শ্রীরাধাকৃষ্ণয়োর্মিথঃ .
কার্ত্তিকস্যাসিতাষ্টম্যাং নিশার্দ্ধং সমপদ্যত ॥ ৫১ ॥

সর্ব্ববাঞ্ছিতদঞ্চাপি স্বীয়কুণ্ডং ত্যহো সুখং।
শ্রীরাধায়া বিনা নৈব রোচতে হি যথা মম ॥ ৫২ ॥

ইত্যেব বৈতু ভগবান্ প্রজগল্ভ রাধা,
শুদ্ধং সরো হ্যকরবং স্থিতসর্ব্বতীর্থং
যুস্মাভিরেব মদনপায়িতয়া সমীপে,
কার্য্যং সরোঽতিরমণং জলকেলিকর্ত্তুম্ ॥ ৫৩ ॥

দেবগণ যে সময় এই লীলা দেখিতেছিলেন, দুন্দুভি সকল আপনাআপনিই বাজিতে লাগিল। শ্রীরাধাদি গোপীগণ শ্রীকৃষ্ণ স্নান করিতেছেন দেখিয়া হাস্য করিতে লাগিলেন ॥ ৪৯।

তখন শ্রীকৃষ্ণ বলিলেন—"প্রাণপ্রিয়ে! মানিনি! বল আমি এখন শুদ্ধ হইয়াছি কিনা? যদি না হইয়া থাকি তবে আবার স্নান করি" এই বলিয়া পুনরায় সাতবার স্নান করিলেন ॥ ৫০ ॥

এই প্রকার শ্রীরাধাকৃষ্ণের নর্ম্ম কথায় কার্ত্তিকমাসের কৃষ্ণাষ্টমীর অর্দ্ধরাত্রি হইয়া গেল ॥৫১॥

সেই সময় সর্ব্বমনোরথপূর্ণকারি নিজকুণ্ড—শ্রীশ্যামকুণ্ডকে দেখিয়া শ্রীকৃষ্ণ বলিলেন,—"তুমি ভিন্ন আমার কুণ্ডের কখনই শোভা হয় না, কারণ আমি একা থাকিতে ভালবাসি না ॥ ৫২ ॥

"আর আমি সকল তীর্থ আনাইয়া পবিত্র সরোবর (কুণ্ড) নির্ম্মাণ করিয়াছি, কিন্তু তুমি ভিন্ন আমার কুণ্ডের কোন শোভা নাই বলিয়া মনে

রাধাপি তদ্ভগবতোক্তমতীব যুক্তং,
শ্রুত্বেরিতাভিরসিতো খনিতং তয়ৈব।
শ্রীকৃষ্ণকুণ্ডতটপশ্চিম দিশ্যমন্দো
গর্ত্তঃ কৃতো বৃষভদৈত্যখুরাঙ্কিতেষু ॥ ৫৪ ॥

তস্মাত্তু মৃন্মৃদুল গোলতরং যথাবৎ
হস্তোদ্ধৃতং ত্বনতিদূরগতং বিধায়।
দিব্যং সরঃ সুখনিতং ঘটিকাদ্বয়েন,
বিস্তীর্ণমেবতু চতুর্ভুজরূপকং তু ॥ ৫৫ ॥

দৃষ্ট্বা হরিস্তু সরসং বিততং সুরম্যং,
মৃৎকুণ্ডতঃ সুললিতৈঃ পরিপূরয়ৈতৎ।
প্রোচে তদাহ বৃষভানুসুতাপি নৈবং;
কুণ্ডস্য নীরমুরুগোবধপাতকাক্তং ॥ ৫৬ ॥

হয়—যেমন তোমার ও আমার নাম যুগল, এই প্রকারই আমার কুণ্ডের নিকটে জলক্রীড়ার জন্য তুমিও এক কুণ্ড নির্ম্মাণ কর" ॥ ৫৩ ॥

শ্রীকৃষ্ণের বাক্য অতি উত্তম ও যুক্তিযুক্ত মনে করিয়া শ্রীরাধিকা সখীগণকে বলিলে সখীগণও শ্রীরাধিকার আজ্ঞানুসারে শ্রীশ্যামকুণ্ডের নিকট পশ্চিমদিকে অরিষ্টাসুরের পদচিহ্নে কুণ্ড নির্ম্মাণ করিলেন ॥ ৫৪ ॥

কুণ্ড খনন করিতে যে মৃত্তিকা বাহির হইল সেই সব মৃত্তিকা গোলাকার (পিণ্ড) করিয়া অতি নিকটে নিক্ষেপ করতঃ ঘটিকাদ্বয়ের মধ্যেই গোপীগণ চতুষ্কোণ মনোহর কুণ্ড নির্ম্মাণ করিলেন ॥ ৫৫ ॥

সুরম্য ও বিস্তৃত কুণ্ড অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ শ্রীরাধিকাকে বলিলেন—"অতি মনোহর কুণ্ড নির্ম্মিত হইয়াছে, কিন্তু ইহাতে জল উত্থিত হয় নাই; অতএব আমার কুণ্ড হইতে জল লইয়া এই কুণ্ড পরিপূর্ণ কর।" এই কথা শুনিয়া শ্রীরাধিকা বলিলেন, "আপনার স্নানেতে এই কুণ্ডের জলও গোবধ পাতকযুক্ত হইয়াছে" ॥ ৫৬ ॥

আহৃত্য পুণ্যসলিলং শতকোটি কুম্ভৈঃ,
সখ্যর্ব্বুদেন সহ মানসজাহ্নবীতঃ।
এতৎ সরঃ স্বমধুনা পরিপূরয়ামি,
চানেন কীর্ত্তিমতুলাং তনবানি লোকে ॥ ৫৭ ॥

গৃহ্ণামি নৈব তবকুণ্ডজলস্তু শ্রুত্বা,
জ্ঞাত্বৈব হার্দ্দমখিলং শ্রীরাধিকায়াঃ।
কৃষ্ণোঽবদ্ধি বিহসন্ খলু তীর্থসঙ্ঘং
কায়স্থয়েদমপি কুণ্ডমবাশ্রিতব্যম্ ॥ ৫৮ ॥

কৃষ্ণেঙ্গিতেন সহসৈত্য সমস্ততীর্থ,
সঙ্ঘস্তদীয় সবসোধৃতদিব্য মুর্ত্তি,
তূষ্ট্যব তত্র বৃষভানুসুতাং প্রণম্য,
ভক্ত্যা কৃতাঞ্জলিপুটঃ শ্রবদশ্রুধারঃ ৫৯ ॥

শ্রীরাধা আরও বলিলেন, "আমি, আমার এই অর্ব্বুদ অর্ব্বুদ গোপী সঙ্গে শ্রীমানসী গঙ্গা হইতে কলসীপূর্ণ করিয়া জল আনিয়া নিজ কুণ্ড পরিপূর্ণ করিব, কিন্তু আপনার কুণ্ডের জল লইব না, ইহাতে আমার কীর্ত্তি জগতে অতুলনীয়া হইবে" ॥ ৫৭ ॥

যখন শ্রীরাধিকা বলিলেন,—"আপনার কুণ্ডের জল গ্রহণ করিব না।" শ্রীকৃষ্ণ তখন এই কথা শুনিয়া শ্রীরাধিকার মনোগত সরলভাব বুঝিতে পারিয়া ঈষৎ হাস্যপূর্ব্বক বলিলেন—"আমার কুণ্ডের সকল তীর্থই শ্রীরাধা আপনার কুণ্ডমধ্যে লইতে ইচ্ছা করিয়াছেন, অতএব হে তীর্থগণ! আমার কুণ্ড মধ্যে তোমরা যে প্রকারে আসিয়াছ, ইঁহার কুণ্ড মধ্যেও সেই প্রকার তোমরা গমন কর ॥ ৫৮ ॥

শ্রীকৃষ্ণের এই প্রকার কথা শুনিয়া সকল তীর্থগণই দিব্যমূর্ত্তি-ধারণ-পূর্ব্বক শ্রীশ্যামকুণ্ড হইতে বাহির হইয়া ভক্তিপূর্ব্বক কৃতাঞ্জলিপুটে অশ্রুজলবর্ষণ করিতে করিতে শ্রীরাধিকার চরণারবিন্দে প্রণাম করিয়া স্তুতি করিতে লাগিলেন ॥ ৫৯ ॥

যং ব্রহ্মাদিকদেবতা হি সততং তম্বন্তি দিব্যৈস্তবৈঃ,
ধ্যানেন হ্যনিশং যতন্তি মুনয়ো যদ্দৃষ্টুমেবেশ্বরং।
দুষ্প্রাপ্যং তপসা সএব কৃষ্ণো যোগেশ্বরস্তে মুদা
নিত্যং হর্ষসমন্বিতাননমসৌ দ্রষ্টুং সদৈবোন্মুখঃ॥ ৬০ ॥

দেবি! ত্বদীয়মহিমানমবৈতি সর্ব্ব,—
শাস্ত্রার্থবিন্ন চ বিধির্নহরোনলক্ষ্মীঃ।
কিন্ত্বেক এব পরমার্থ শিরোমণিস্তৎ—
প্রস্বেদ মার্জ্জনপরঃ স্বয়মেব কৃষ্ণঃ॥ ৬১ ॥

যশ্চারুযাবকরসেন ভবৎ পদাব্জ।
মারজ্য নূপুরমহো নিদধাতি নিত্যম্!
প্রাপ্য ত্বদীয় নয়নাব্জনট প্রসাদং,
স্বং মন্যতে পরমধন্যতমং প্রহৃষ্যন্॥ ৬২ ॥

তস্যাজ্ঞয়ৈব সহসা বয়মাগতাঃ স্ম,
তৎপার্ষ্ণিঘাত কৃত কুণ্ডবরে বসাম।

যথা—"হে দেবি! যে যোগেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের স্তুতি দেবতাগণ অহনিশ করিয়া থাকেন, আর মুনিগণ যাঁহার দর্শনের নিমিত্ত সর্ব্বদা ধ্যানের দ্বারা যত্ন করিয়া থাকেন; আর তপস্যার দ্বারাও যিনি দুষ্প্রাপ্য—সেই সাক্ষাৎ পরব্রহ্ম ভগবান্ শ্রীকৃষ্ণ আপনার প্রসন্নমুখারবিন্দ দর্শনে সর্ব্বদা উন্মুখ, (অর্থাৎ উৎকণ্ঠিত) অতএব হে দেবি! আপনার অগাধ মহিমা"॥ ৬০ ॥

"হে দেবি! সর্ব্বশাস্ত্রবেত্তা বিধি আপনার মহিমা জানেন না, মহাদেব এবং লক্ষ্মীও আপনার মহিমা জানেন না, জানেন কেবল একমাত্র সর্ব্বপুরুষার্থ শিরোমণি আপনার প্রস্বেদমার্জ্জনপর "শ্রীকৃষ্ণ"॥ ৬১ ॥

"যে শ্রীকৃষ্ণ আপনার চরণ-কমল-নূপুর-রঞ্জিত করিয়া, আপনার নয়নকমল কটাক্ষের প্রসন্নতা লাভে নিজেকে ধন্যতম মনে করেন॥ ৬২ ॥

"সেই শ্রীকৃষ্ণের আজ্ঞাতেই আমরা সকলে তাঁহার চরণাঘাতকৃত কুণ্ডে নিবাস করিতেছি। হে দেবি! আপনি প্রসন্না হউন, আমাদের প্রতি

ত্বং বৈ প্রসাদ কুরু নোহি কৃপাকটাক্ষং,
তর্হ্যেব তর্ষবিটপী ফলিতো ভবেদ্ বৈ ॥ ৬৩ ॥

শ্রুত্বা স্তুতিং সকলতীর্থগণৈঃ কৃতাংসা,
প্রাহস্ম তর্ষমখিলং প্রবিচার্য্য রাধা।
প্রাগত্য মেঽত্রসরসি সফলা ভবন্ত-
শ্চেত্তর্হি সম্মতিরিহাপি সখীর্বিপৃচ্ছে ॥ ৬৪ ॥

গোপীগণৈরপি যথেষ্ট সুদত্তহার্দ্দা,
বাঞ্ছাং সুখেন পরিপূরয়তীবতেষাং।
প্রোবাচ কান্তবদনাব্জ ধৃতাক্ষিকোনা,
আগচ্ছতেহ বৃষভানুসুতাস্মিতা স্যাৎ ॥ ৬৫ ॥

প্রাপ্য প্রসাদমথতে বৃষভানুজায়াঃ,
শ্রীকৃষ্ণকুণ্ডগত তীর্থবরাঃ প্রসহ্য।
ভিত্ত্বৈব ভিত্তিমতিবেগতরেব রাধা —
কুণ্ডং ব্যধুঃ স্বসলিলৈঃ পরিপূর্ণমেব ॥ ৬৬ ॥

কৃপাকটাক্ষপাত করুন্,, তাহা হইলেই আমাদের মনোরথরূপ মহাবৃক্ষ ফলিত হইবে" ॥ ৬৩ ॥

তীর্থগণকৃত এই প্রকার স্তুতি শুনিয়া এবং তাঁহাদের প্রেমোৎকণ্ঠা দেখিয়া শ্রীরাধিকা তীর্থগণকে বলিলেন—"যদি আমার কুণ্ডে আসিলেই তোমাদের মনোরথ পূর্ণ হয়, তবে তোমরা সকলেই আমার কুণ্ডে আইস ; কিন্তু আমি আমার সখীগণকে এ বিষয়ে একবার জিজ্ঞাসা করি" ॥ ৬৪ ॥

এই প্রকার তীর্থগণকে বলিয়া শ্রীরাধিকা সখীগণকে জিজ্ঞাসা করিয়া ও স্বীকার করাইয়া, শ্রীকৃষ্ণ নয়ন কমল নিজ নয়ন কোণে দেখিতে দেখিতে ঈষৎ হাস্যপূর্ব্বক বলিলেন—"হে তীর্থসকল ! তোমরা আমার কুণ্ডে আইস" ॥৬৫॥

এই প্রকারে শ্রীরাধিকার প্রসন্নতা লাভ করিয়া সকল তীর্থই জলরূপ ধারণ করিয়া—শ্রীরাধাকুণ্ড ও শ্রীশ্যামকুণ্ডের মধ্যস্থানস্থিত ভিত্তীকে ভগ্ন করিতে করিতে অতি বেগের সহিত শ্রীরাধাকুণ্ডকে পরিপূর্ণ করিয়া দিলেন ॥ ৬৬ ॥

গোপ্যোঽপি কুণ্ডযুগলং সুপরিষ্কৃতং তৎ
তীর্থোদ্ভবাপ পরিপূরিতমেব সম্যক্ ॥
আলোকামোদ ভরিতা সকলা সুহর্ষাৎ,
ধন্যং সুধন্যমতি চাতিশয়ং সুখোচুঃ ॥ ৬৭ ॥

তাভিশ্চ কৃষ্ণকথনানুগতাভিরেব,
শ্রীশ্যামকুণ্ড নিকটে ললিতাদিভিস্তু ।
অষ্টাভিরেব খনিতং তু সরসশ্চ বিপুলং,
দৃষ্ট্বা হরিঃ সুখকরং স্ময়তেস্ম কৃষ্ণঃ ॥ ৬৮ ॥

নিষ্কিল্বিষোঽসি বহুনর্ম্মতয়া হি রাধা,
প্রেম্না করং সমবগৃহ্য সুনন্দসূনো ! ।
স্নাতা সখীভিরভিতো খলু চাষ্টমীতঃ,
চন্দ্রোদয়ে হি নিশি কার্ত্তিক-কৃষ্ণপক্ষে ॥ ৬৯ ॥

সখ্যোঽপি তত্র কৃত সম্মতয়ঃ সুখাব্ধৌ,
মগ্না বিরেজু রখিলা শুচিকুণ্ডযুগ্মে ।

গোপীগণ দুই কুণ্ড নির্ম্মলজলে পরিপূরিত দেখিয়া ও সকল তীর্থ প্রবেশ করিলেন ভাবিয়া অত্যন্ত প্রসন্নতাপূর্ব্বক শ্রীকৃষ্ণকে বারম্বার ধন্যবাদ দিতে দিতে আনন্দিতা হইলেন ॥ ৬৭ ॥

যে সময় শ্রীরাধাকুণ্ড শ্রীশ্যামকুণ্ড নির্ম্মিত হইল সেই সময় শ্রীকৃষ্ণ ললিতাদি অষ্টসখিগণকে বলিলেন,—তোমরাও নিজ নিজ নামে অষ্টকুণ্ড নির্ম্মাণ কর।" এই কথা শুনিয়া ললিতাদি অষ্টসখীগণ শ্রীশ্যামকুণ্ড নিকটে অষ্টকুণ্ড নির্ম্মাণ করিলেন ; তাহা দেখিয়া শ্রীকৃষ্ণ আনন্দপূর্ব্বক ঈষৎ হাস্য করিলেন ॥ ৬৮ ॥

তখন শ্রীরাধিকা পরিহাসপূর্ব্বক শ্রীকৃষ্ণকে বলিলেন.- প্রিয়তম ! আপনি ত শুদ্ধ হইয়াছেন, আসুন একবার একসঙ্গে স্নান করি।" এই বলিতে বলিতে শ্রীকৃষ্ণের হস্তধারণ করিয়া সর্ব্ব গোপীগণের সহিত শ্রীরাধিকা কার্ত্তিক কৃষ্ণাষ্টমীর দিনে অর্দ্ধরাত্রিকালে চন্দ্রোদয় হইলে স্নান করিতে লাগিলেন ॥ ৬৯ ॥

সেইসময় গোপীগণ সম্মতি প্রদান করিয়া সুখসাগরে মগ্ন হইলেন ও দুই কুণ্ডে স্নান করিয়া অতিশয় সুশোভিত হইলেন। আর দেবগণ আকাশ-

দেবাশ্চ হর্ষভরিতাঃ কুসুমানি ফেলুঃ,
যে দ্রষ্টুমেব মখিলাঃ খলু আস্থিতাঃ খে ॥ ৭০ ॥

কুণ্ডদ্বয়ে তু বহুমোদভরেণ তৌদ্বৌ,
সংখ্যাণতৈঃ স্বসখিভিঃ পরিষিচ্যমানৈঃ ।
বিক্রীড্য বৈ বহুচিরং দ্বয়কুণ্ডমধ্যে,
তৎ সঙ্গমেতু পরিধায় বিচিত্রবেশৌ ॥ ৭১ ॥

সিংহাসনোপরিগতৌ হি তমালমূলে,
কুণ্ডদ্বয়ং তু মুখতো হি সুশংসয়ন্তৌ ।
দৃষ্ট্বা শিবঃ পরমভক্তশিরোমণির্যো
দূরস্থ এব সকলং সমপশ্য দেব ॥ ৭২ ॥

প্রেম্নাপ্লুতঃ সমবলোক্য রহস্যমেতৎ,
ধন্যঞ্চ কুণ্ডমিদমেব প্রিয়ং প্রিয়ায়াঃ ।
শ্রীকৃষ্ণমেব বৃষভানু জয়া সমেতং,
সাষ্টাঙ্গতো ভুবিনিপত্য নমাম সদ্যঃ ॥ ৭৩ ॥

মার্গে আসিয়া এই লীলা দর্শন করিয়া চকিত হইয়া আনন্দভরে পুষ্প বর্ষণ করিতে লাগিলেন ॥ ৭০ ॥

শ্রীরাধাকুণ্ড ও শ্রীশ্যামকুণ্ডে শ্রীকৃষ্ণ ও শ্রীরাধিকা অত্যন্ত আনন্দভরে অসংখ্য গোপীগণের সহিত বহুক্ষণ জলক্রীড়া করিয়া কুণ্ডদ্বয়ের সঙ্গমের উপরিস্থলে আসিয়া বস্ত্র পরিধান করিলেন,সখীগণও বস্ত্র পরিধান করিলেন ॥৭১॥

কুণ্ডদ্বয় সঙ্গমোপরি তমাল বৃক্ষের নীচে উপবেশন করিয়া শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ যে সময় কুণ্ডদ্বয়ের প্রশংসা করিতেছিলেন সেই সময় পরম ভক্ত-শিরোমণি শ্রীমহাদেব দূর হইতে সেই সকল লীলা দর্শন করিতে লাগিলেন ॥ ৭২ ॥

শ্রীমহাদেব শ্রীরাধিকার প্রিয়কুণ্ড ও লীলা অবলোকন করিয়া এবং শ্রীরাধিকার সহিত শ্রীকৃষ্ণকে অবলোকন করতঃ প্রেমাপ্লুত হইয়া ভূমিতে নিপতিত হইলেন এবং তৎক্ষণাৎ সাষ্টাঙ্গ প্রণাম করিলেন ॥ ৭৩ ॥

তন্মূর্ত্তি যুগ্ম সুখসাগর সংহুতোঽসৌ,
শ্রীরাধিকা ব্রজপতেশ্চরণাবলুণ্ঠন্।
প্রেমাশ্রুপূরিত অহো সুবিমৃজ্যনেত্রে,
তুষ্টাব গদগদবচস্তু পুনঃ প্রণম্য ॥ ৭৪ ॥

ধ্যাতং হিনো বহুতরং ভবতোহি রূপং,
শাস্ত্রে চতুর্ভুজ মথাষ্টভুজাদিকঞ্চ।
এতত্ত্বলৌকিকমহো ভবতঃ কৃপাতঃ,
দৃষ্টং প্রভো! যুগলমূর্ত্তিমিমং স্মরামঃ ॥ ৭৫ ॥

জ্ঞানে সদৈব খলু! যেতু পরিশ্রমাক্তা,
এতৎ সুখাপরিচিতা ভ্রমিতা বৃথৈব।
আশাস্মহে বয়মহো শরণাগতানাং,
ভক্তির্যথা যুগলমূর্ত্তিবরে হি নঃ স্যাৎ ॥ ৭৬ ॥

সদাপ্রাপ্যং রূপং সুরমুনিগণৈঃ সাধনশতৈঃ,
কথং ভক্তানাং শং ভবন্তি হি তু মদ্দর্শনমৃতে।

শ্রীরাধাকৃষ্ণের যুগলমূর্ত্তি দর্শন করিয়া সুখসাগরে মগ্ন হইয়াও শ্রীকৃষ্ণের চরণারবিন্দে লুণ্ঠিত হইয়া প্রেমাশ্রুপরিপূর্ণ নেত্রদ্বয়কে মার্জ্জনা করিতে করিতে পুনর্ব্বার প্রণাম করিয়া গদগদ কণ্ঠে স্তুতি করিয়াছিলেন ॥ ৭৪ ॥

হে প্রভো! শাস্ত্রে আপনার চতুর্ভুজ অষ্টভুজাদি বহুতর রূপ বর্ণিত হইয়াছে, কিন্তু এই অলৌকিক যুগল মূর্ত্তির দর্শন একমাত্র আপনার কৃপাতেই হইল। এই যুগল রূপ আমি স্মরণ করিতেছি ॥ ৭৫ ॥

"এই যুগলমূর্ত্তির দর্শন না করিয়া যাহারা কেবল জ্ঞানে মগ্ন থাকে, তাহাদের পরিশ্রমই বৃথা এবং তাহারা কেবল ভ্রমেই পতিত হইয়া থাকে। যাহা হউক—আমরা ইহাই প্রার্থনা করিতেছি যে, আপনার শরণাগত, আমাদের এই (দৃশ্যমান) যুগলমূর্ত্তিতে সতত ভক্তি হউক" ॥ ৭৬ ॥

"সুরমুনিগণ শত শত সাধনার দ্বারা যে রূপ দর্শন করিতে পান না, এবং আমার দর্শন ভিন্ন ভক্তগণের হৃদয়ে কখনই আনন্দ হয় না"। হে প্রভো!

ইতীদং কুণ্ডং যো ব্যরচয়দহো কর্ষভমিষাৎ,
নমাম ত্বাং নিত্যং ত্বদনু শুচিকুণ্ডং বয়মিমং ॥ ৭৭ ॥

দৃষ্ট্বা সারাযুগমিমং বহুশোভমানং,
প্রেমপ্রদং বহুসুখেন দৃঢ়ং হি বদ্ধঃ।
নিত্যং যথা দর্শনমস্তু ভবেৎ প্রভোনঃ।
নৌমি তথৈব ভবতাহি কৃপা বিধেয়া ॥ ৭৮ ॥

এবং হি বহুধাস্তত্বা শ্রীরাধাশ্যাম কুণ্ডয়োঃ।
মধ্যস্থং সপ্রিয়া কৃষ্ণং বিররামাশ্রুলোচনঃ ॥ ৭৯ ॥

ইত্থং বহুস্তবন্তং তু শিবং কৈলাসবাসিনং।
শ্রীনন্দনন্দনঃ প্রাহ স্মরমানমুখাম্বুজঃ ॥ ৮০ ॥

ত্বন্তু প্রাণসমঃ প্রেষ্ঠো মদীয়ঃ সর্ব্বদৈব হি।
বিসৃজামি নবৈজাতু লীলাভিজ্ঞং যথার্থতঃ ॥ ৮১ ॥

মনে মনে এই বিচার করিয়া ছলপূর্ব্বক আপনি যে স্বপ্রতিনিধি স্বরূপ শ্রীশ্যামকুণ্ড ও শ্রীরাধিকার প্রতিনিধি স্বরূপ শ্রীরাধাকুণ্ড নির্ম্মাণ করিয়াছেন, এই পবিত্র কুণ্ডদ্বয়কে আমরা নিত্যই নমস্কার করিতেছি ॥ ৭৭ ॥

"বহুশোভমান ও ভক্তিপ্রদ, এই কুণ্ডদ্বয় দেখিয়া আমার হৃদয় সুখে পরিপূর্ণ হইয়াছে। হে প্রভো! এখন এই কৃপা করুন, যাহাতে নিত্যই আপনাদের লীলা ও কুণ্ডদ্বয় দেখিতে পারি" ॥ ৭৮ ॥

শ্রীরাধাকুণ্ড ও শ্রীশ্যামকুণ্ডের সঙ্গম স্থলে শ্রীরাধিকার সহিত শ্রীকৃষ্ণের স্তুতি করিয়া প্রেমাশ্রুপরিপূর্ণ নয়নে ও গদগদ কণ্ঠ হইয়া মহাদেব স্তুতি হইতে বিরত হইলেন ॥ ৭৯ ॥

এই প্রকার কৈলাসবাসি শ্রীমহাদেবকে স্তুতি করিতে দেখিয়া, ঈষৎ হাস্য করিতে করিতে নন্দনন্দন শ্রীকৃষ্ণ বলিলেন। ৮০ ॥

"হে মহাদেব! তুমি আমার প্রাণপ্রিয়তম, আর মদীয় লীলাভিজ্ঞ তোমাকে কখনই আমি পরিত্যাগ করিতে পারি না ॥ ৮১ ॥

শ্রীপ্রিয়ায়া হি সরসস্তট দক্ষিণ সন্নিধৌ।
যথেষ্ট নিস্টন্তু নিত্যং শ্রীরাধায়াশ্চ সম্মতিঃ ॥ ৮২ ॥

বৃষভানুসুতা তু যথৈব প্রিয়া, প্রিয়মেব তথৈব তদীয় সরঃ।
বিসৃজামি কদাপি নহীদমহো, কুরুবাস তটেঽস্য যথৈব মনঃ ॥৮৩॥

রমণীয় মিদং মমরাসগৃহং, বহুপুণ্য কুলৈঃ শতসাধনকৈঃ।
ন হি দৃষ্ট মিদং ভবতীতিবিনা, বৃষভানুসুতাপদ কঞ্জকৃপাং ॥৮৪॥

ইতি কৃষ্ণ বচো বহুরোচনকং, ত্ববধার্য্য যথা স সুখং হি শিবঃ।
অতি হর্ষমনা ধৃত চাশ্রুকণা, প্রণনাম পুনঃ পদ কঞ্জমতে ॥ ৮৫ ॥

দিশদক্ষিণতঃ সরসস্তুতথা, তটপার্শ্ববরে বিররাম মুদা।
সুখ রাসমহো অবসন্নগতিঃ সততং খলু পশ্যতি দেববর ॥ ৮৬ ॥

"তুমি শ্রীরাধাকুণ্ডের দক্ষিণ তট নিকটে অবস্থান কর, ইহাই শ্রীরাধিকার অভিপ্রায় ॥ ৮২ ॥

শ্রীরাধিকা আমার যেমন প্রিয়া, তেমন শ্রীরাধাকুণ্ডও প্রিয়, তুমি এই কুণ্ডের তটে যথাভিরুচি নিবাস কর, কখনই তোমাকে আমি পরিত্যাগ করিব না ॥ ৮৩ ॥

"শ্রীরাধিকার চরণ কমলের কৃপা ব্যতিরেকে, আমার এই রমণীয় রাসগৃহ বহু পূণ্য ও সাধন সমূহের দ্বারা কেহই অবলোকন করিতে পারে নাই" ॥৮৪॥

শ্রীকৃষ্ণের এই প্রকার পরম মনোহর বাক্য শ্রবণ করিয়া সজল-নয়নে ও অতি আনন্দভরে শ্রীমহাদের পুনরায় শ্রীকৃষ্ণের পদ-কমলে প্রণাম করিলেন ॥৮৫॥

শ্রীকৃষ্ণের আজ্ঞানুসারে শ্রীরাধাকুণ্ডের দক্ষিণ তারে নিবাস করিয়া শ্রীমহাদেব সতত শ্রীরাধাকৃষ্ণের শ্রীরাসলীলাদি অবলোকন করিতে লাগিলেন ॥ ৮৬ ॥

ভগবানপি বিশ্বাত্মা শিবায় শিবরূপিণে।
সুদুর্ল্লভং বরং দত্ত্বা রেমে শ্রীরাধয়া সহ ॥ ৮৭ ॥

প্রোচে হরিঃ প্রিয়তমাং তব কুণ্ড মেতৎ,
মৎকুণ্ডতোঽপি মহিমাধিকমস্তু লোকে।
স্যাদ্ বৈ হি মে সলিল কেলিরিহৈব নিত্যম্,
প্রীতা যথা ত্বমসি তদ্বদিদং সরোমে ॥ ৮৮ ॥

যোঽত্রৈব মে প্রিয় সরস্যারভক্তি যুক্তঃ,
স্নায়াদ্ধিচাত্র সময়ে সহভার্যয়া তু।
রাত্রৌ হি বিপ্রবচসা সুখমেব তস্মৈ,
দাস্যামি বাঞ্ছিত ফলং সুতদানমেব ॥ ৮৯ ॥

ইত্যেব বৈ বহুতরং বৃষভানুজায়াঃ,
কুণ্ডস্য কীর্ত্তিমমলাং কথয়ন্ নিজাস্যাৎ।
প্রাণপ্রিয়া সমিত এব সুহর্ষতো হি,
প্রস্নাস্বয়ং বিহরতেঽত্র সদৈব কৃষ্ণঃ ॥ ৯০ ॥

বিশ্বাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণ শিবরূপী শ্রীশিবকে সুদুর্ল্লভ বর প্রদান করিয়া শ্রীরাধার সহিত নিত্যই বিহার করিতে লাগিলেন ॥ ৮৭ ॥

পরে শ্রীকৃষ্ণ শ্রীরাধিকাকে বলিলেন, "হে প্রিয়ে! আমার কুণ্ড হইতেও তোমার কুণ্ডের মহিমা জগতে অধিকরূপে হউক। আর এই কুণ্ডেই আমাদের নিত্য জলকেলি প্রভৃতি সম্পন্ন হউক। হে প্রিয়ে! যেমন তুমি আমার প্রিয়া, তেমনই সরোবরও আমার প্রিয় ॥ ৮৮ ॥

"হে প্রিয়ে! যে ব্যক্তি অত্যন্ত ভক্তিযুক্ত হইয়া এই সময়ে নিজ স্ত্রীর সহিত এই সরোবরে স্নান করিবে, সেই ব্যক্তিকে আমি বাঞ্ছিত ফল প্রদান করিব ও সন্তান দান করিব" ॥ ৮৯ ॥

এই প্রকারে শ্রীকৃষ্ণ শ্রীরাধিকার কুণ্ডের বহুতর অমল-কীর্ত্তি বর্ণন করিয়া আনন্দ পূর্ব্বক প্রাণপ্রিয়া শ্রীরাধিকার সহিত সর্ব্বদা বিহার করিতে লাগিলেন ॥ ৯০ ॥

রাসোৎসবঞ্চ কুরুতেহত্র সবৈদ প্রেয়ান্
কৃষ্ণাম্বুদঃ কৃতমহারসহর্ষবর্ষঃ।
শ্রীরাধিকা প্রবরবিদ্যুদলঙ্কৃতশ্রী,
স্ত্রৈলোক্য মধ্যাবিততী কৃতদিব্যকীর্ত্তি ॥ ৯১ ॥
শ্রীরাধা ব্রজনন্দনস্য সততং মধ্যাহ্ন লীলাস্থলং,
মাধুর্য্যামৃত পরিপূরিতং সুখকরং স্বচ্ছং সুমৃষ্টং সদা।
সংসারং পরিহাত বৈষ্ণবকুলৈঃ সংসেবিতং সর্ব্বদা,
শ্রীকুণ্ডং বিমলং হিতার্থসুবরং বর্ববর্ত্তি সর্ব্বোপরি ॥ ৯২ ॥
হতেহরিষ্টেহরিষ্টে যুবতিগণ দোষাপ্লুত হরি,—
যদা দোষং মার্ষ্টুং পরমশুচিকুণ্ডং খনিতবান্।
তদারভ্যোবেদং সুবিমলগদালুঃ পুরমহো,
অভূদ্রাধাকুণ্ডং ক্ষিতিসকল ভুবিখ্যাতমনিশম্ ॥ ৯৩ ॥

ইতি শ্রীরাধাকুণ্ডবাস্তব্য গোবর্দ্ধনীয়বংশোদ্ভব
আচার্য্য শ্রীকুঞ্জগোবিন্দ কৌশিক প্রকাশিতে
শ্রীরাধাকুণ্ডমাহাত্ম্যতত্ত্বে তদুৎপত্তি বর্ণনং নাম প্রথমং সোপানং
সমাপ্তম্।

শ্রীকৃষ্ণ-মেঘ এই প্রকারে শ্রীরাধিকাদি-গোপীগণ-বিদ্যুতের প্রতিদান পূর্ব্বক রাসরস বর্ষণ করিয়া সংসারের যশঃ বিস্তার করিতে লাগিলেন ॥ ৯১ ॥

বৈষ্ণবগণ সংসার পরিত্যাগ পূর্ব্বক যে এই মাধুর্য্যামৃত পরিপূরিত সুখকর স্বচ্ছ এবং সুমার্জ্জিত শ্রীরাধাকৃষ্ণের মধ্যাহ্ন লীলাস্থল শ্রীরাধাকুণ্ডের সেবা করিতেছেন, সেই এই শ্রীরাধাকুণ্ড সর্ব্বতীর্থ শিরোমণি রূপে বিরাজমান রহিয়াছেন ॥ ৯৪ ॥

যে সময় ব্রজের অরিষ্টরূপ অরিষ্টাসুরকে শ্রীকৃষ্ণ বধ করিয়াছিলেন, এবং গোপীগণ তাঁহাকে গোহত্যার পাতকীরূপে পরিহাস করিয়াছিলেন, এবং যে সময় শ্রীকৃষ্ণ স্বীয়দোষ নিবারণের নিমিত্ত পরম পবিত্র এই কুণ্ড খনন করিয়াছিলেন, সেই সময় হইতে এই কুণ্ড সকল রোগ নিবারণ করিতে সমর্থ ও শ্রীরাধাকুণ্ড নামে পৃথিবীতে বিখ্যাত হইয়াছেন ॥ ৯৩ ॥

ইতি শ্রীরাধাকুণ্ডমাহাত্ম্যতত্ত্বে শ্রীরাধাকুণ্ডোৎপত্তি বর্ণন
নাম প্রথম সোপান সমাপ্ত।

দ্বিতীয়ং সোপানম্।

প্রসিদ্ধং যত্তত্ত্বং নিগমগণগীতং বহুতরং,
সদাচিন্ত্যং চিত্তে বিমলকরণে যোগিভিরপি।
ততঃ শ্রীকৃষ্ণাখ্যং ব্রজসকলপাতা স্বয়মহো,
দয়াদৃষ্টিং তন্নঃ কুরুত সততং যৎ খনিতবান্ ॥ ১ ॥

যোগেশ্বরো হি বিশ্বাত্মা বিহরন্ রাধয়া সহ।
নিত্যং সংরমতে চাত্র প্রীত্যা গোপেন্দ্রনন্দনঃ ॥ ২ ॥

নিত্যং প্রিয়ন্তু বৈকুণ্ঠং বৃন্দারণ্যং ততোঽধিকং।
তস্মাৎ প্রিয়তমঞ্চৈতৎ শ্রীকৃষ্ণস্য সতাং গতেঃ ॥ ৩ ॥

ইত্থং গুণং খলু বিভো পরমপ্রিয়ন্তু
শ্রীরাধিকা ব্রজপতেস্তু নিকেতমেতৎ।

বেদ সকল যাঁহাকে পরব্রহ্মরূপে কীর্ত্তন করেন, যাঁহাকে যোগিগণ সর্ব্বদা বিমলচিত্তে চিন্তা করিয়া থাকেন, সেই শ্রীকৃষ্ণাখ্য ব্রজনন্দন স্বয়ং যাহাকে খনন করিয়াছেন - এমন যে শ্রীকুণ্ড ও শ্রীশ্যামকুণ্ড স্বয়ং আমাদিগের প্রতি দয়াদৃষ্টি করুন্ ॥ ১ ॥।

যোগেশ্বর বিশ্বাত্মা ভগবান্ গোপেন্দ্রনন্দন এই কুণ্ডে অতি প্রীতি পূর্ব্বক সর্ব্বদা বিহার করিয়া ক্রীড়া করেন ॥ ২ ॥

যদ্যপি বৈকুণ্ঠ স্থান প্রিয়, এবং তাহা হইতে বৃন্দাবন প্রিয় ; কিন্তু তাহা হইতেও সদ্‌গণের একমাত্র গতি শ্রীকৃষ্ণের এই কুণ্ড অতীব প্রিয়তম ॥ ৩ ॥

এই প্রকার শ্রীকৃষ্ণ ও শ্রীরাধিকার পরম প্রিয় এই স্থান এবং এই কুণ্ডের

অস্যৈব তীরগশুভা নিজ চারিণীভিঃ
সংস্থাপিতাস্তু চ তদা সুখকুঞ্জপুঞ্জাঃ ॥ ৪ ॥

গোপীগণৈঃ সমিত এব যথা সুযোগ্যং.
প্রেম্না স্বয়ং বিবিধরাসরসাক্ত রাবিঃ।
লীলারতো ব্রজপতিঃ খলু যেষু নিত্যং।
ভাবপ্রদো বিহরতে হি সুখানুভূতিঃ ॥ ৫ ॥

পৌত্রঃ শ্রীবজ্রনাভো জগবিদিত যশা দ্বারিকেশস্য বিষ্ণোঃ
যাতে বিষ্ণৌ বিকুণ্ঠং স্বমনুগতবরেণোদ্ধবেনাভিষিক্তঃ।
রাজ্যেভুঙ্ক্ষন্ হি ভোগান্ সুবিমলধিষণে মাথুরাঞ্জরসেনান্,
কুণ্ডং ত্বেতদ্বন্ধো দৃঢ়তর মখিলং সর্ব্বতো ভক্তি নিষ্ঠঃ ॥ ৬ ॥

বালঃ কুলোপবিষ্টো লসতি সুমনসা মানয়ন্ জাতশ্রদ্ধঃ,
পাদাঙ্কে শ্যামকুণ্ডে নিজমনসিজ বাঞ্ছাং পূর্ত্তুমেবাতিভক্ত্যা।
কুণ্ডং শ্রীবজ্রনাভাখ্য মিতি চ বিমলং নির্ম্মমে চাতিতৃপ্তো.
যন্ন নেলক্ষ্যমানং ভবতি হি সুজলে স্পষ্টরূপেণ সম্যক্ ॥ ৭ ॥

তীরে গোপীগণ নিজ অনেক অনেক কুঞ্জ সংস্থাপিত করিয়াছেন ॥ ৪ ॥

যে কুণ্ডেতে ব্রজপতি শ্রীকৃষ্ণ গোপীগণের সহিত নিত্য নিত্যই প্রেমপূর্ব্বক রাসাদি বিবিধ বিহার করিয়া পরমানন্দ অনুভব করেন ॥ ৫ ॥

এই শ্রীশ্যামকুণ্ডের মধ্যে শ্রীবজ্রনাভের এক কুণ্ড আছে। ইহার কারণ এই যে,—যে সময় দ্বারকানাথ শ্রীকৃষ্ণ বৈকুণ্ঠধামে গমন করেন, সে সময় নিজপ্রিয় শ্রীউদ্ধবকে উপদেশ দিয়া বলিলেন যে, "তুমি মথুরাপুরীতে বজ্রনাভকে রাজ্যে অভিষিক্ত করিয়া বদরিকাশ্রম গমন কর, কারণ এই দ্বারকাপুরীকে সাত দিনের মধ্যে সমুদ্র প্লাবিত করিবে" এই আদেশানুসারে শ্রীবজ্রনাভকে মথুরায় অভিষিক্ত করিয়া উদ্ধব বদরিকাশ্রম চলিয়া যান। পরে বজ্রনাভও অত্যন্ত ভক্তির সহিত এই কুণ্ড অতি সুন্দররূপে বন্ধন করিলেন ॥ ৬ ॥

আর বিচার করিলেন, বালকগণ গুরুজনের ক্রোড়েই শোভিত হয়, এই মনে করিয়া শ্রীচরণাকার শ্যামকুণ্ডের মধ্যে নিজ নামে প্রসিদ্ধ বজ্রনাভ-কুণ্ড নির্ম্মাণ করিলেন। যে কুণ্ড এখনও শ্যামকুণ্ডের জল অল্প হইলে স্পষ্টরূপে দেখা যায় ॥ ৭ ॥

প্রাকট্য লীলাবিরতস্তু যদাবভূব
শ্রীকৃষ্ণ এবতু ততো বহুকাল বেশাৎ।
স্থানানি চাপি নামান্তরং মাপুরত্র,
লুপ্তানি চৈব সকলানি বভূবু রাহো ॥ ৮ ॥

দোষাতপেন চ কলের্মলিনাং সমন্তাদ,
ভক্তিং স্বয়ং কুমুদিনীঞ্চ বিকাশিদীপ্তিঃ।
শাকাব্দসপ্তখ চতুর্দ্দশ সম্মিতাব্দে,
বঙ্গে ত্বভূদ্ রসসপার্ষদ গৌরচন্দ্রঃ ॥ ৯ ॥

বঙ্গাধিবাসি পুরুষান্ কৃপয়া স্বয়ং যো
ভক্তিং ত্বনর্পিতচরাং উপদেক্ষ্যমানঃ।
নিস্তীর্য্য দেশমখিলং খলু সত্বরাশি-
র্বৃন্দাটবীং হি নিজখেলনিকা ময়াচ্চ ॥ ১০ ॥

বৃন্দাবনান্তরগতং রমণীয় মেতৎ,
শ্রীরাধিকা ব্রজপতে র্হি রহস্যলীলং।
শ্রীশ্যামকুণ্ডতট দক্ষিণতস্তু সাক্ষাদ্—
আগত্য চাত্র বিররাম তমালমূলে ॥ ১১ ॥

যে সময় ভগবান্ শ্রীকৃষ্ণ প্রকটলীলায় বিরত হইয়া অপ্রকটলীলা করিতে লাগিলেন, সেই সময় বহুকাল অতীত হইলে, তাঁহার লীলাস্থানসমূহের নাম সকলও প্রায় বিলুপ্ত হইয়া গিয়াছিল ॥ ৮ ॥

এই ঘোর কলিযুগরূপ রৌদ্রতাপে ভক্তিরূপা কুমুদিনী মলিনা হইলে সেই ভক্তিকুমুদিনী-প্রকাশকারী বঙ্গদেশে নদীয়ায় ১৪০৭ শকাব্দে শ্রীগৌরচন্দ্র মহাপ্রভু সপার্ষদে অবতীর্ণ হইলেন ॥ ৯ ॥

তদনন্তর শ্রীমহাপ্রভু বঙ্গদেশবাসী নরনারীগণকে কৃপাপূর্ব্বক যাহা কোনও কালে অর্পিত হয় নাই, এমন নিজ ভক্তি-উপদেশ প্রদান করিয়া সমস্ত দেশ নিস্তার করিয়া নিজলীলাস্থল বৃন্দাবনে আগমন করেন ॥ ১০ ॥

বৃন্দাবনে আসিয়া কান্তলীলা বিহারস্থল শ্রীরাধাকুণ্ডে আসিয়া শ্রীশ্যামকুণ্ডের দক্ষিণ তীরস্থিত তমালমূলে বিশ্রাম করিয়াছিলেন ॥ ১১ ॥

ধ্যাত্বা এবৈ ভগবতস্ত্ব যথৈবলীলং
তীর স্থিতো হি সমপশ্য সর্ব্বমেব।
শীতোক্তি কেতু সরসী ব্রজবাসিবাক্যং,
শ্রুত্বা জহাস ভগবান্ খলু শুদ্ধভাবঃ ॥ ১২ ॥

এতৌ যথৈব খলু যো প্রকটঞ্চকার,
চাস্মৈব পার্শ্বগততীর্থবরাশ্চ সম্যক্।
গৌরাঙ্গ এব তু চ বৈ ভগবান্ হি সাক্ষাৎ
প্রেম্নোবতার ইব তু ব্রজবাসি মৈত্রঃ ॥ ১৩ ॥

ম্লানঃ বৈতু কলে হি দোষবিততৈ দুঃখার্দ্দিতং বৈ জগৎ,
দৃষ্ট্বা তারয়িতুং চ বৈ স্বয়মজো গৌরাঙ্গ শুদ্ধাধিপঃ।
অষ্টাবিংশতি মেকলৌ খলু তু যচ্ছ্রীকৃষ্ণনামামৃতং
সারং তারকমন্ত্রপায়িতমহো বন্দে কৃপালুং প্রভুম্ ॥ ১৪ ॥

শ্রীরূপশ্চ সনাতনোঽতিবিমলো গোপালভট্টস্তথা,
ভট্ট-শ্রীরঘুনাথ বিদ্বদ্বরো দাসস্তথাখোঽপিচ।

শ্রীকৃষ্ণের সকল লীলাস্থল ধ্যান করিয়া ব্রজবাসিগণকে জিজ্ঞাসা করাতে ব্রজবাসিগণ শীতল কুণ্ড বলিয়া পরিচয় দিলে শ্রীমন্মহাপ্রভু এই সাধারণ উত্তর শুনিয়া আনন্দিত হইলেন ও হাস্য করিলেন ॥ ১২ ॥

আর এই কুণ্ডদ্বয়ের রাধাকুণ্ড ও শ্যামকুণ্ড এই যথার্থ নাম প্রকাশ করিলেন, এবং এই কুণ্ডদ্বয় পার্শ্বস্থিত সর্ব্বতীর্থের নামধাম পরিচয় প্রদান করিলেন এবং নিজে ব্রজবাসিগণের অত্যন্ত প্রিয় হইলেন ॥ ১৩ ॥

ধন্য শ্রীমহাপ্রভু, যিনি কলির অসংখ্য দোষদুঃখিত সংসার অবলোকন করিয়া, শ্রীকৃষ্ণনামামৃত পান করাইলেন, অর্থাৎ হরিনাম সংকীর্ত্তনই যে একমাত্র ভবসাগর পারের উপায় তাহাই অষ্টাবিংশ কলিযুগে অবতার গ্রহণ করিয়া পামর-জীবগণের নিকট প্রকাশ করিলেন; সেই শ্রীগৌরাঙ্গমহাপ্রভুর চরণ বন্দনা করি ॥ ১৪ ॥

যাঁহার আজ্ঞা পাইয়া শ্রীরূপ, সনাতন, গোপালভট্ট, শ্রীরঘুনাথ ভট্ট,

শ্রীজীবশ্চ ষড়ৈব বিপ্রবরাঃ সর্ব্বেহিগোস্বামিনঃ,
সঞ্জাতাস্তু তদৈব পার্ষদবরাঃ কৃষ্ণেপ্সিতাঃ সর্ব্বতঃ ॥ ১৫ ॥

সর্ব্বেভূমিমিমাং হি চৈব বিমলাং শ্রীকৃষ্ণরাসস্থলীং
মত্বানা সহসৈব চাযযুরহো বৃন্দাটবীং সর্ব্বতঃ।
অত্রাপ্যেব তু বার্ষভানবি মুদা লালায়িতং নিত্যশঃ,
শ্রীরাধাকৃত কুণ্ডমেব তু সমাজগ্মু রহস্যস্থলম্ ॥ ১৬ ॥

শ্রীরাধাব্রজবল্লভস্য মহিমাগানে সদৈবোৎসুকাঃ,
মাধুর্য্যামৃত পূরিতানি সততং প্রীতানি সম্যক্ যথা।
তল্লীলাসমলঙ্কৃতানি বহুশো গ্রন্থানি চাকারয়ন্।
শ্রীরাধাপদকঞ্জ বদ্ধধিষণা উষুস্তটে শোভনে ॥ ১৭ ॥

তেষাং বাসনিকারিকং গৃহমহো শ্রীকুণ্ডপার্শ্বেবরে,
অদ্যাপিসমবস্থিতং সুনিচয়ং লীলেপ্সুনাং সর্ব্বতঃ।
শ্রীদাসস্তু চ রাধিকাসরতটে শুদ্ধোত্তরে সংবসন্
কূপং শ্যামসরস্তটে তু হ্যখনচ্ছ্রীগোপিকাখ্যং মহৎ ॥ ১৮ ॥

যস্মিন্ স্বাদুজলং যতো সমভবচ্ছ্রীমন্নগেশো মহান্।
পীতংযস্য জলং সদাসুখকরং ক্ষিপ্রং হি পাপাপহম্।

শ্রীরঘুনাথ দাস, শ্রীজীব, এই ছয় গোস্বামী পার্ষদরূপে অবতীর্ণ হইয়াছিলেন ॥ ১৫ ॥

সেই ছয় গোস্বামী শ্রীকৃষ্ণের রাসস্থল শ্রীবৃন্দাবন ধামে আসিয়া পরে শ্রীরাধাকৃষ্ণের রহস্যস্থল শ্রীরাধাকুণ্ড ও শ্রীশ্যামকুণ্ডে আগমন করেন। ১৬ ॥

তথায় শ্রীরাধাকৃষ্ণের রহস্যলীলাগানে উৎসুক হইয়া মাধুর্য্যামৃত পরিপূরিত, প্রীতিদায়ক অনেক লীলাগ্রন্থ রচনা করিয়া শ্রীরাধিকার চরণকমলে মন সমর্পণ করিয়া শ্রীরাধাকুণ্ডতটে নিবাস করিতে লাগিলেন ॥ ১৭ ॥

লীলাদর্শনেচ্ছু গোস্বামীগণের বাসগৃহ অদ্যাপিও শ্রীরাধাকুণ্ড শ্রীশ্যামকুণ্ডের পার্শ্বে অবস্থিত। তন্মধ্যে শ্রীদাসগোস্বামী শ্রীরাধাকুণ্ডতীরে নিবাস করতঃ শ্যামকুণ্ড-তীরে "গোপকূপ" নামে এক কূপ খনন করান ॥ ১৮ ॥

যে কূপ খনন করার সময় শ্রীগিরিরাজের জিহ্বা বাহির হইয়াছিল, এবং গিরিরাজও বাহির হইয়াছিলেন, তখন শ্রীভগবদ্দেশে খনন বন্ধ রাখিয়া কূপ-

কীর্ত্তিঞ্চাপি ব্রজস্যৈব তু কথয়ন্ ধ্যায়ন্ মুদরাধিকাং।
প্রাপ্তঃ শ্রীপদমেব বিদ্বদ্বরঃ সাক্ষাৎ সমাধিস্থিতঃ॥ ১৯॥

শ্রীশ্রীগৌরাঙ্গদেবস্য স্থানাতি পার্শ্বেবরে।
শ্রীশ্রীশ্যামকুণ্ডস্য দক্ষিণে তীরগং মহৎ॥ ২০॥

লীলাবতারিণোর্বিষ্ণো বশীভূতে মহাপ্রভোঃ।
শ্রীশ্রীবল্লভস্যাপি স্থানঞ্চাপি মনোহরং॥ ২১॥

যোলুপ্তং সম্প্রদায়ন্তু শ্রীবিষ্ণুস্বামিনঃ প্রভুঃ।
সমুদ্দধার জীবাংশ্চ দোষগ্রস্তান্নসূমুচৎ॥ ২২॥

অস্যানুজায়িনৌ পুত্রৌ শ্রীগোকুল বিষ্ঠলাভিষৌ।
সমাজস্মতুরত্রৈব স্থানং তচ্চাত্র শোভনম্॥ ২৩॥

শ্রীরাধাকুণ্ডস্য পশ্চিম তটে হিন্দোল বৃক্ষাভিতঃ
শ্রীরাধাকৃষ্ণেতি মূর্ত্তিযুগলং সংস্থাপিতং স্বৈঃ করৈঃ।
কর্ম্মাণ্যাশ্চর্য্য প্রদানি বহুশো যেনানুকম্পালুনা।
জীবান্নদ্ধর্ত্তুং কৃতানিখলুতং শ্রীবল্লভাখ্যংভজে॥ ২৪॥

নির্ম্মাণ করান, যাঁহার জল অতি পবিত্র, সুখকর, স্বাদু সর্ব্বপাপ নাশ করিয়া থাকেন। শ্রীদাসগোস্বামী ব্রজলীলা বর্ণন করিয়া শ্রীরাধিকার চরণ চিন্তা করিতে করিতে সমাধিস্থ হইয়া তাঁহার চরণ প্রাপ্ত হইয়াছিলেন॥ ১৯॥

শ্রীশ্যামকুণ্ডের দক্ষিণ তীরে শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু বিরাজমান আছেন, তৎপার্শ্বেই শ্রীশ্রীবল্লভাচার্য্যের মনোহর স্থান বিদ্যমান, ইনি সাক্ষাৎ ভগবদ্রূপ, ইনি এই স্থানে সপ্তাহ পাঠ করিয়াছিলেন॥ ২০—২১॥

শ্রীবল্লভাচার্য্য প্রভু শ্রীবিষ্ণু সম্প্রদায়কে উদ্ধার করিয়াছেন ও তৎ সম্প্রদায়ে দোষগ্রস্ত মনুষ্যগণকে উদ্ধার করিয়াছেন॥ ২২॥

ইহাঁর দুই পুত্র—শ্রীবিঠ্ঠলনাথ ও শ্রীগোকুলনাথ। ইহাঁরা দুইজনেও এখানে আসিয়াছিলেন॥ ২৩॥

শ্রীবল্লভাচার্য্য শ্রীরাধাকুণ্ডের পশ্চিমতটে শ্রীরাধিকার ঝুলনবৃক্ষের নিকট শ্রীরাধাকৃষ্ণের মন্দির নির্ম্মাণ করতঃ স্বহস্তে শ্রীরাধাকৃষ্ণের যুগলমূর্ত্তি স্থাপন করিয়াছিলেন। এবং এই প্রকার যিনি জীব উদ্ধারের নিমিত্ত অনেক কার্য্য করিয়াছেন; তাঁহাকে বারম্বার নমস্কার করি॥ ২৪॥

তাবৎ শ্রীভুর্ন হি কলিঃ খলু সম্প্রবিষ্টো,
দোষাকরো বনিবনে করিতুল্যধর্ম্মা,
শ্রীবল্লভস্য কুলমেব বিশুদ্ধবেগঃ
গর্জ্জত্যাহা বলহরিঃকিল যাবদত্র ॥ ২৫ ॥

অম্ভোত্তরে তটবরে খলু শোভমানং
স্থানং মনোহরতমং কিনপাণ্ডবানাং।
অত্রৈব পাণ্ডবকুলৈঃ খলু দর্শনার্থং,
তপ্তং তপোঽহতি কঠিনং স্থিতিবৃদ্ধবাক্যম্ ॥ ২৬ ॥

স্বামী শ্রীহরিদাস উত্তরতটে শ্রীশ্যামসরসো মুদা,
উষে সামপটুঃ সদৈব ভাগবৎ সেবাধিকারী যথা।
শ্রীশ্রীবঙ্কবিহারিনস্তু ভক্ত্যা সাক্ষাৎকৃপা ভাজনঃ,
পার্শ্বে সঙ্গমতো নিকেতমেতত্তস্যৈব রম্যং খলু ॥ ২৭ ॥

অত্রৈব সঙ্গমমতীবমনোহরন্তু,
সম্মেলনং কিল অধোঽস্য সুকুণ্ডয়োশ্চ।
শ্রীসঙ্গমস্থমখিলৈস্তু তমালমিষ্টং,
শ্রীরাধিকাব্রজপতেশ্চ সুপাদপীঠং ॥ ২৮ ॥

